ইংলণ্ড ও আয়ার্লণ্ড দেশীয়

সম্মিলিত সভার ব্যবহারানুযায়ি.

সংবৎসরের প্রতিদিবসিক প্রাতঃকালীন ও সায়ঙ্কালীন

প্রার্থনার অনুক্রম,

এবং

পুণ্য সহভাগ. বিধানের অনুক্রম,

ও

বাপ্তিস্মের বিধান এবং সভার প্রশ্নোত্তর

প্রকাশিত নহে.

বঙ্গভাষায়

কলিকাতা সমীপস্থ বিশপকল্লেজের মুদ্রাযন্ত্রে

কেবল

বিশেষ প্রয়োজনার্থে মুদ্রিত হইল.

খ্রীষ্টীয় শকে

সংবৎসরের প্রতিদিবসিক

প্রাতঃকালীন প্রার্থনার অনুক্রম।

¶ প্রাতঃকালীন প্রার্থনারম্ভে পশ্চাল্লিখিত শাস্ত্রোক্ত পদের মধ্যে এক কিম্বা অধিক পদ ধর্ম্মপরিচারক উচ্চৈঃশব্দে পাঠ করিবেন. অনন্তর উক্ত পদের পশ্চাৎ যাহা লিখিত আছে তাহা কহিবেন.

দুষ্টলোক যে দুষ্টতা করিয়াছে তাহা হইতে বিমুখ হইলে ও ন্যায় এবং সদাচরণ করিলে, সে আপন আত্মাকে বাঁচাইবে. হিজিক্ ১৮. ২৭.

আমি আপন অপরাধ স্বীকার করি, এবং আমার পাপ সতত আমার সাক্ষাতে আছে. গীত. ৫১. ৩.

আমার পাপহইতে তোমার মুখ গোপন কর, এবং আমার দুষ্ক্রিয়া সমস্ত মোচন কর. গীত ৫১. ৯.

ভগ্ন মনই পরমেশ্বরের বলি; হে ঈশ্বর, তুমি ভগ্ন ও ক্ষুণ্ণ অন্তঃকরণ তুচ্ছ করিবা না. গীত ৫১. ১৭.

বস্ত্র নহে বরং অন্তঃকরণ ছিন্ন কর এবং আপন ঈশ্বর পরমপ্রভুর প্রতি ফির, কেননা তিনি অনুগ্রাহক ও দয়াবান্

ও ক্রোধে ধীর ও বহু স্নেহী এবং মন্দ বিষয়ে অনুতাপী.
যোএল্ ২. ১৩.

যদিও আমরা পরমপ্রভু আমাদের ঈশ্বরের আজ্ঞা বিরুদ্ধে গতি করিয়াছি, ও যে ব্যবস্থা তিনি আমাদের সম্মুখে স্থাপন করিয়াছেন তদনুসারে চলিতে তাঁহার বাক্য মানি নাই; তত্রাপি দয়া ও ক্ষমা পরমপ্রভু আমাদের ঈশ্বরেরই আছে. দানেল্ ৯. ৯. ১০.

হে পরমপ্রভো, আমাকে বিচারপূর্ব্বক শাসন কর ক্রোধ পূর্ব্বক নহে, পাছে আমার হ্রাস হয়. য়িরমীয় ১০. ২৪. গীত ৬. ১.

অনুতাপ কর, কেননা স্বর্গের রাজ্য সন্নিকট হইয়াছে. মথায় ৩. ২.

আমি উঠিয়া আপন পিতার নিকটে যাইব ও তাঁহাকে কহিব, হে পিতঃ, আমি স্বর্গের বিরুদ্ধে ও তোমার সাক্ষাতে পাপ করিয়াছি, এবং তোমার পুত্র বলিয়া খ্যাত হইবার আর যোগ্য নহি. লূক্ ১৫. ১৮. ১৯.

হে পরমপ্রভো, আপন দাসের বিচার করিতে যাইও না; যে হেতু তোমার সাক্ষাতে কোন প্রাণী নির্দ্দোষী থাকিবে না. গীত ১৪৩. ২.

যদি বলি আমাদের পাপ নাই, তবে আপনাদিগকেই ভ্রান্ত করিতেছি, এবং আমাদের অন্তরে সত্য নাই; কিন্তু যদি আপনাদের পাপ স্বীকার করি তবে আমাদের পাপ ক্ষমা করিতে, এবং সমস্ত অধর্ম্ম হইতে আমাদিগকে পরিষ্কার করিতে তিনি বিশ্বস্ত ও যাথার্থিক আছেন. ১ যোহন ১. ৮. ৯.

প্রাতঃকালীন প্রার্থনা.

হে অতি প্রিয় ভ্রাতৃগণ, ঈশ্বরের অসীম অনুগ্রহ ও করুণাদ্বারা আমরা যেন ক্ষমা প্রাপ্ত হই এই নিমিত্তে ধর্ম্ম শাস্ত্র নানা স্থলেতে আমাদিগকে উপদেশ দেয় যে আমরা আপনাদের নানাবিধ পাপ ও দুষ্টতা স্বীকার করি ও মানি, আর আমাদের স্বর্গীয় পিতা সর্ব্বশক্তিমান ঈশ্বরের সাক্ষাতে ছলে না লুকাইয়া বরং নম্র বিনয়ি অনুতাপি ও আজ্ঞাবহ অন্তঃকরণে তাহা স্বীকার করি, অপর যদ্যপি ঈশ্বরের সম্মুখে আমাদের বিনয় পূর্ব্বক পাপ স্বীকার করা সর্ব্বকালে কর্ত্তব্য বটে, তত্রাপি যখন তাঁহার হস্ত হইতে প্রাপ্ত পরম উপকারের কারণ ধন্যবাদ করিতে, ও তাঁহার অতি উপযুক্ত প্রশংসা প্রকাশ করিতে, ও তাঁহার অতি পুণ্য বাক্য শ্রবণ করিতে, ও আত্মা ও শরীর উভয়ের প্রয়োজনীয় ও আবশ্যক বিষয় প্রার্থনা করিতে, আমরা সকলে সভাস্থ ও একত্র হই, তখন তাহা বিশেষরূপে কর্ত্তব্য; অতএব এস্থানে উপস্থিত যে তোমরা, তোমাদিগকে নিবেদন ও বিনতি করি, যে শুদ্ধ অন্তঃকরণে ও নম্র স্বরে স্বর্গীয় প্রসাদের সিংহাসন সমীপে আমার সহিত আসিয়া কহ.

¶ এই সাধারণ পাপ স্বীকার সভাস্থ লোক সমুদায় ধর্ম্ম পরিচারকের সহিত হাঁটু পাতিয়া তাঁহার পশ্চাৎ২ কহিবে.

হে সর্ব্বশক্তিমান্ ও পরম দয়াময় পিতঃ; আমরা হারাণ মেষের ন্যায় তোমার পথ ত্যাগ করিয়া ভ্রমণ করিয়াছি; আমরা অত্যন্তরূপে নিজ অন্তঃকরণের কল্পনা ও ইচ্ছানুসারে আচরণ করিয়াছি; তোমার পুণ্য ব্যবস্থা আমরা

লঙ্ঘন করিয়াছি; আমাদের কর্ত্তব্য কর্ম্ম আমরা করি নাই; এবং আমাদের অকর্ত্তব্য কর্ম্ম আমরা করিয়াছি; আর আমাদের অন্তরে সুস্থতা নাই; কিন্তু হে পরমপ্রভো দীন হীন অপরাধী যে আমরা আমাদের প্রতি দয়া কর. হে ঈশ্বর, যাহারা আপন দোষ স্বীকার করে তাহাদিগকে ক্ষমা কর, অনুতাপী যাহারা তাহাদিগকে পুনঃস্থাপন কর, যথা মনুষ্য জাতির প্রতি তুমি প্রভু য়ীশু খ্রীষ্টদ্বারা অঙ্গীকার প্রকাশ করিয়াছ; এবং হে পরম দয়াময় পিতঃ তাঁহার অনুরোধে প্রদান কর; যে আমরা এক্ষণাবধি তোমার পুণ্য নামের গৌরবার্থে; ধর্ম্ম ও যাথার্থ্য ও ধৈর্য্য রূপ আচরণ করি. আমেন্.

¶ অথ বিমোচন অর্থাৎ পাপ ক্ষমা ইহা সমুদায় লোক হাঁটু পাতিয়া থাকিলে কেবল পুরোহিত দাঁড়াইয়া প্রচার করিবেন.

সর্ব্বশক্তিমান্ ঈশ্বর, আমাদের প্রভু য়ীশু খ্রীষ্টের পিতা, যিনি পাপির মরণ ইচ্ছা করেন না বরং সে আপন দুষ্টতা হইতে বিমুখ হইয়া জীবিত হয়, ইহাই ইচ্ছা করেন; আর অনুতাপী হইলে পাপের মোচন ও ক্ষমা আপন লোকের প্রতি প্রচার ও প্রকাশ করিতে আপন ধর্ম্ম পুরোহিত-দিগকে ক্ষমতা ও আজ্ঞা যিনি দিয়াছেন, তিনি যাহারা সত্যরূপে অনুতাপ করে ও তাঁহার পুণ্য সুসমাচারে নিষ্কপট রূপে বিশ্বাসী হয় তাহাদিগকে ক্ষমা ও মোচন করেন. অতএব আইস আমরা তাঁহাকে প্রার্থনা করি, যে তিনি সত্য অনুতাপ ও নিজ সদাত্মা আমাদিগকে দান করুন,

যেন আমাদের এক্ষণকার কৃতকর্ম্ম তাঁহার সন্তোষ জন্মায়, এবং ইহার পরে আমাদের অবশিষ্ট জীবন শুদ্ধ ও পবিত্র হয়, তাহাতে শেষে তাঁহার নিত্য আনন্দেতে প্রভু যীশু খ্রীষ্টের দ্বারা আসিতে পারি.

¶ ইহার এবং আর২ প্রার্থনার অন্তে সভাস্থ সকলে আমেন্ কহিবে.

¶ তৎপরে ধর্ম্ম পরিচারক হাঁটু পাতিয়া উচ্চৈঃশব্দে প্রভুর প্রার্থনা কহিবেন. আর সমুদায় লোক হাঁটু পাতিয়া এ স্থলে এবং ঈশ্বরীয় উপাসনার মধ্যে যেং স্থলে ইহার বিধি আছে, সেইং স্থলে তাঁহার সহিত তাহা কহিবে.

হে আমাদের স্বর্গস্থ পিতঃ, তোমার নাম পুণ্যীকৃত হউক; তোমার রাজ্য আইসুক; তোমার ইচ্ছা স্বর্গেতে যেমন তেমনি পৃথিবী মধ্যেও হউক: আমাদের দিবসিক রুটী এই দিবসে আমাদিগকে দেও; এবং আমরা যেমন নিজ অপরাধিদিগকে ক্ষমা করিতেছি; তেমনি আমাদেরও অপরাধ সকল ক্ষমা কর; আর আমাদিগকে পরীক্ষায় আনিও না; কিন্তু মন্দ হইতে রক্ষা কর; যেহেতু তোমারই রাজ্য ও পরাক্রম ও মহিমা সদা সর্ব্বদা আছে. আমেন্.

¶ তাহার পর তিনি কহিবেন.

হে পরমপ্রভু, আমাদের ওষ্ঠাধর খুলিয়া দেও.

উত্তর. তাহাতে আমাদের মুখ তোমার প্রশংসা প্রকাশ করিবে.

পুরোহিত. হে ঈশ্বর আমাদিগকে রক্ষা করিতে শীঘ্র আইস.

উত্তর. হে প্রভো, আমাদের উপকার করিতে ত্বরা কর.

¶ এস্থলে সকলে দাঁড়াইলে পুরোহিত কহিবেন.

পিতা ও পুত্র ও সদাত্মার মহিমা হউক;

উত্তর. পূর্ব্বে যেমন ছিল, এখনও আছে, এবং অনন্ত কাল পর্য্যন্ত সদা হইবে. আমেন্.

পুরোহিত. পরমপ্রভুর প্রশংসা কর.

উত্তর. পরমপ্রভুর নাম প্রশংসিত হউক.

¶ পরে এই গীত পাঠ কিম্বা গান করা যাইবে. কিন্তু পুনরুত্থান পর্ব্বে ইহা হইবে না, সে দিন অন্য সংকীর্ত্তন বাক্যের বিধি আছে; এবং প্রতি মাসের প্রতি ঊনবিংশ দিবসেও ইহা এস্থলে পঠিত হইবে না কিন্তু গীতসংহিতার নিয়মিত ক্রমে পাঠ করা যাইবেক.

৯৫ গীত.

আইস, আমরা পরমপ্রভুর উদ্দেশে গান করি; ও আমাদের ত্রাণ শৈলের উদ্দেশে উল্লাসধ্বনি করি.

তাঁহার সম্মুখে আমরা ধন্যবাদ পূর্ব্বক গমন করি, ও গান করত তাঁহার প্রতি উল্লাসধ্বনি করি.

যেহেতু পরমপ্রভু মহান্ ঈশ্বর, ও সকল দেবতার উপরে মহা রাজা.

পৃথিবীর গভীর স্থল তাঁহার হস্তে আছে; পর্ব্বতের উপরি স্থানও তাঁহার.

সমুদ্র তাঁহার, তিনিই তাহা সৃষ্টি করিয়াছেন, এবং তাঁহার হস্তও শুষ্ক ভূমি নির্ম্মাণ করিয়াছেন.

প্রাতঃকালীন প্রার্থনা.

আইস, আমরা প্রণাম করি ও অবনত হই ও আমাদের সৃষ্টিকর্ত্তা পরমপ্রভুর সম্মুখে হাঁটু পাতি.

কারণ তিনিই আমাদের ঈশ্বর, আমরা তাঁহার মাঠের লোক এবং তাঁহার হস্তের মেষপাল.

অদ্যই তোমরা যদি তাঁহার শব্দ শ্রবণ কর, তবে আপন অন্তঃকরণ কঠিন করিও না, যেমন বিরোধ স্থানে এবং পরীক্ষা দিনে প্রান্তরে হইয়াছিল,

যখন তোমাদের পিতৃগণ আমার পরীক্ষা লইল, এবং দৃঢ় পরীক্ষা করিয়া আমার কর্ম্ম দেখিল.

চল্লিশ বৎসর আমি এই বংশেতে বিরক্ত হইয়া কহিলাম, এই লোক মনোভ্রান্ত হইয়াছে, ও আমার পথ জানে নাই.

এই হেতু আমি ক্রোধে শপথ করিলাম যে তাহারা আমার বিশ্রাম স্থানে প্রবেশ করিতে পাইবে না.

পিতা ও পুত্র ও সদাত্মার মহিমা হউক.

উত্তর. পূর্ব্বে যেমন ছিল, ও এখন আছে, এবং অনন্ত কাল পর্য্যন্ত সদা হইবে. আমেন্.

¶ এই স্থলে নিরূপিতক্রমে গীতসংহিতা পাঠ কিম্বা গান করা যাইবে. আর সম্বৎসরে প্রতি গীতের অন্তে এবং বেনে দীসিতে বেনে দিক্তস্ মখ্রিফিকত্ আর নঙ্ক্ দীমিস্তিস্ নামক স্তবের অন্তে নীচে লিখিত বাক্য কহা যাইবে.

¶ পরে সেই দিনে বিশেষ পাঠের বিধি না থাকিলে পঞ্জিকার বিধানানুসারে প্রথম খণ্ড হইতে ধৃত প্রথম পাঠ স্পষ্ট রূপে উচ্চৈঃশব্দে পঠিত হইবে যিনি পাঠ করিবেন তিনি এমতরূপে দাঁড়াইবেন ও এমতদিকে মুখ ফিরাইবেন যে উপস্থিত লোকেরা উত্তম শুনিতে পায় অনন্তর সম্বৎসরের প্রতি দিনেতে তে দেবং নামক স্তব কহা কিম্বা গান করা যাইবে.

প্রাতঃকালীন প্রার্থনা.

¶ আর প্রত্যেক পাঠের আরম্ভে ধর্ম্ম পরিচারক কহিবেন, অমুক গ্রন্থের অমুক অধ্যায়ের কিম্বা অমুক অধ্যায়ের অমুক পদের আরম্ভ এই. এবং প্রত্যেক পাঠের শেষে কহিবেন. প্রথম কিম্বা দ্বিতীয় খণ্ড পাঠের সমাপ্তি এই.

তে দেবং.

তোমাকে ঈশ্বর বলিয়া আমরা প্রশংসা করি, তোমাকে পরমপ্রভু বলিয়া স্বীকার করি.

তোমাকে নিত্য পিতা বলিয়া সমস্ত পৃথিবী আরাধনা করে.

তোমাকে সমস্ত দূতগণ, স্বর্গলোক, ও তাহার মধ্যে শক্তিগণেরা উচ্চৈঃস্বরে ডাকে.

তোমাকে কেরূবিম্ ও সেরাফিম্ নিরন্তর ডাকিয়া বলে,

শুদ্ধ, শুদ্ধ, শুদ্ধ, পরমপ্রভু সাবাওথের ঈশ্বর,

স্বর্গ ও ভূমণ্ডল তোমার মহিমার গৌরবে পরিপূর্ণ আছে.

তোমাকে প্রেরিতদের মহিমান্বিত সভা প্রশংসা করে.

তোমাকে প্রবাচকদের উৎকৃষ্ট সমাজ প্রশংসা করে.

তোমাকে সাক্ষিদিগের তেজস্বি সেনা প্রশংসা করে.

তোমাকে অসীম মহিমাযুক্ত পিতা বলিয়া,

ও পূজনীয় তোমার সত্য অদ্বিতীয় পুত্রকে,

এবং প্রবোধদায়ি সদাত্মাকে ও,

সর্ব্বদেশস্থ পুণ্য সভা স্বীকার করে.

প্রাতঃকালীন প্রার্থনা.

হে খ্রীষ্ট, তুমি মহিমান্বিত রাজা.

তুমিই পিতার অনাদি পুত্র.

তুমি মনুষ্যের উদ্ধার করিতে উদ্যত হইয়া কুমারীর গর্ব্ভকে ঘৃণা কর নাই.

তুমি মৃত্যুর দংশন জয় করিয়া বিশ্বাসি সকলের জন্যে স্বর্গরাজ্য খুলিয়াছ.

তুমি ঈশ্বরের দক্ষিণ পার্শ্বে পিতার মহিমাতে উপবিষ্ট আছ.

তুমি আমাদের বিচার কর্ত্তা হইতে আসিবা ইহা আমরা প্রত্যয় করি.

অতএব আমরা প্রার্থনা করি যে তোমার সেবকগণ যাহাদিগকে আপন বহুমূল্য রক্তপাতে রক্ষা করিয়াছ তাহাদিগকে উপকার কর.

আপন সাধুগণের সহিত অনন্ত মহিমাতে তাহাদিগকে গণিত কর.

হে প্রভো, তুমি আপন লোককে রক্ষা কর, ও আপন অধিকারকে আশীর্ব্বাদ দেও.

নিরন্তর তাহাদের শাসন ও উন্নতি কর.

প্রতিদিন আমরা তোমার ধন্যবাদ করি.

এবং চিরকাল আমরা তোমার নাম প্রশংসা করি.

হে প্রভো, প্রসন্ন হইয়া অদ্য আমাদিগকে পাপ হইতে রক্ষা কর.

হে প্রভো, আমাদের প্রতি দয়া কর, আমাদের প্রতি দয়া কর.

হে প্ৰভো, তোমাতে আমরা যেমন ভরসা করিয়াছি তেমনি আমাদের উপর তোমার দয়া হউক.

হে প্ৰভো, আমি তোমাতে ভরসা করিয়াছি, কখনও আমাকে লজ্জিত হইতে দিও না.

¶ অথবা এই গান.

বেনেদীসিতে.

হে পরমপ্ৰভুর কার্য্য সকল, পরমপ্ৰভুকে ধন্যবাদ কর, এবং তাঁহার স্তুতি ও মহিমা সতত প্ৰকাশ কর.

হে পরমপ্ৰভুর দূতগণ, পরমপ্ৰভুকে ধন্যবাদ কর, এবং তাঁহার স্তুতি ও মহিমা সতত প্ৰকাশ কর.

হে স্বর্গলোক, পরমপ্ৰভুকে ধন্যবাদ কর, এবং তাঁহার স্তুতি ও মহিমা সতত প্ৰকাশ কর.

হে গগণের উপরিস্থ জল, পরমপ্ৰভুকে ধন্যবাদ কর, এবং তাঁহার স্তুতি ও মহিমা সতত প্ৰকাশ কর.

হে পরমপ্ৰভুর সমস্ত শক্তিগণ, পরমপ্ৰভুকে ধন্যবাদ কর, এবং তাঁহার স্তুতি ও মহিমা সতত প্ৰকাশ কর.

হে সূর্য্য ও চন্দ্ৰ, পরমপ্ৰভুকে ধন্যবাদ কর, এবং তাঁহার স্তুতি ও মহিমা সতত প্ৰকাশ কর.

হে গগণের তারাগণ, পরমপ্ৰভুকে ধন্যবাদ কর, এবং তাঁহার স্তুতি ও মহিমা সতত প্ৰকাশ কর.

হে বৃষ্টি ও শিশির, পরমপ্ৰভুকে ধন্যবাদ কর, এবং তাঁহার স্তুতি ও মহিমা সতত প্ৰকাশ কর.

প্রাতঃকালীন প্রার্থনা.

হে ঈশ্বরের বায়ুগণ, পরমপ্রভুকে ধন্যবাদ কর, এবং তাঁহার স্তুতি ও মহিমা সতত প্রকাশ কর.

হে অগ্নি ও তাপ, পরমপ্রভুকে ধন্যবাদ কর, এবং তাঁহার স্তুতি ও মহিমা সতত প্রকাশ কর.

হে শীতকাল ও গ্রীষ্মকাল, পরমপ্রভুকে ধন্যবাদ কর, এবং তাঁহার স্তুতি ও মহিমা সতত প্রকাশ কর.

হে শিশির ও হিমিকা, পরমপ্রভুকে ধন্যবাদ কর, এবং তাঁহার স্তুতি ও মহিমা সতত প্রকাশ কর.

হে নীহার ও হিম, পরমপ্রভুকে ধন্যবাদ কর, এবং তাঁহার স্তুতি ও মহিমা সতত প্রকাশ কর.

হে হিমানী ও তুষার, পরমপ্রভুকে ধন্যবাদ কর, এবং তাঁহার স্তুতি ও মহিমা সতত প্রকাশ কর.

হে রাত্রি ও দিবা, পরমপ্রভুকে ধন্যবাদ কর, এবং তাঁহার স্তুতি ও মহিমা সতত প্রকাশ কর.

হে দীপ্তি ও অন্ধকার, পরমপ্রভুকে ধন্যবাদ কর, এবং তাঁহার স্তুতি ও মহিমা সতত প্রকাশ কর.

হে বিদ্যুৎ ও মেঘ সমূহ, পরমপ্রভুকে ধন্যবাদ কর, এবং তাঁহার স্তুতি ও মহিমা সতত প্রকাশ কর.

পৃথিবী, পরমপ্রভুকে ধন্যবাদ করুক, এবং তাঁহার স্তুতি ও মহিমা সতত প্রকাশ করুক.

হে পর্ব্বত ও গিরি সমস্ত, পরমপ্রভুকে ধন্যবাদ কর, এবং তাঁহার স্তুতি ও মহিমা সতত প্রকাশ কর.

হে পৃথিবীস্থ উদ্ভিজ্জ বস্তু সকল, পরমপ্রভুকে ধন্যবাদ কর, এবং তাঁহার স্তুতি ও মহিমা সতত প্রকাশ কর.

ও আপন পুণ্য নিয়ম অর্থাৎ আমাদের পূর্ব্ব পিতা আব্রাহামের প্রতি তাঁহার কৃত দিব্য স্মরণ করেন;

যথা আপন শত্রুদের হস্ত হইতে মুক্ত হইয়া নির্ভয়ে তাঁহার সম্মুখে শুদ্ধতা ও ধার্ম্মিকতায় জীবনের যাবদ্দিন তাঁহার সেবা করিতে আমাদিগকে দিবেন.

এবং হে বালক তুমি উচ্চতমের প্রবাচক বিখ্যাত হইবা; কারণ প্রভুর পথ প্রস্তুত করিতে,

অর্থাৎ তাঁহার লোকের পাপ মোচন দ্বারা পরিত্রাণের জ্ঞান দিতে তুমি তাঁহার সম্মুখে অগ্রগামী হইবা;

ইহা আমাদের ঈশ্বরের অত্যন্ত দয়া দ্বারা হয়.

যাহাতে অন্ধকার ও মৃত্যুচ্ছায়াতে উপবিষ্টদিগকে আলোক দিতে অর্থাৎ শান্তি পথে আমাদের পদকে আনয়ন করিতে ঊর্দ্ধ হইতে আমাদের প্রতি অরুণোদয় হইয়াছে.

পিতা ও পুত্র ও সদাত্মার মহিমা হউক;

উত্তর. পূর্ব্বে যেমন ছিল, এখনও আছে, এবং অনন্তকাল পর্য্যন্ত সদা হইবে. আমেন্.

অথবা এই গীত.

গীত ১০০.

হে পৃথিবী সমুদায় পরমপ্রভুর প্রতি উল্লাসধ্বনি কর আহ্লাদপূর্ব্বক পরমপ্রভুর সেবা কর গান পূর্ব্বক তাঁহার সাক্ষাতে আইস.

জান যে পরমপ্রভু তিনিই ঈশ্বর তিনি আমাদের সৃষ্টি করিলেন, ও আমরা আপনারা নহি, আমরা তাঁহার লোক ও তাঁহার মাঠের মেষ.

অতএব ভজনা করত তাঁহার দ্বারে, স্তুতি করত তাঁহার উঠানে প্রবিষ্ট হও তাঁহাকে স্বীকার কর ও তাঁহার নামে ধন্যবাদ দেও.

কারণ পরমপ্রভু অনুগ্রাহক তাঁহার দয়া অনন্ত এবং তাঁহার সত্যতা পুরুষানুক্রমে স্থায়ী.

পিতা ও পুত্র ও সদাত্মার মহিমা হউক;

উত্তর. পূর্ব্বে যেমন ছিল, এখনও আছে, এবং অনন্তকাল পর্য্যন্ত সদা হইবে. আমেন্.

¶ পরে পরিচারক ও সভা সমূহ দাঁড়াইয়া সাধু অথনাস্যের প্রতীতি বাক্য পাঠ করণের বিধি দিন ব্যতিরেকে প্রেরিতগণের প্রতীতি বাক্য গান কিম্বা পাঠ করিবে.

স্বর্গ ও পৃথিবীর সৃষ্টিকর্ত্তা সর্ব্বশক্তিমান পিতা ঈশ্বরেতে আমি বিশ্বাস করি.

এবং তাঁহার অদ্বিতীয় পুত্র আমাদের প্রভু য়ীশু খ্রীষ্টে; যিনি সদাত্মার দ্বারা গর্ভস্থ হইয়া মরীয়া কুমারী হইতে জন্মিলেন; পন্তিয়স পীলাতের কালে দুঃখ ভোগ করিলেন, ক্রুশার্পিত, মৃত, ও পোতিত হইলেন; পরলোকে নামিলেন; তৃতীয় দিবসে মৃতদের হইতে পুনরায় উঠিলেন; স্বর্গে আরোহণ করিলেন; এবং সর্ব্বশক্তিমান পিতা ঈশ্বরের দক্ষিণ পার্শ্বে বসিয়া আছেন; তথাহইতে জীবিত ও মৃতদের বিচার করিতে আসিবেন.

আমি সদাত্মাতে বিশ্বাস করি; পুণ্য সার্ব্ব সভাতে; সাধুদের সম্মতিতে; পাপ মোচনেতে; শরীরের পুনরুত্থানে ও অনন্ত জীবনে; আমেন্.

প্রাতঃকালীন প্রার্থনা.

¶ পরে ভক্তি পূর্ব্বক সকলে হাঁটু পাতিয়ে পশ্চাল্লিখিত প্রার্থনা; কিন্তু প্রথমে পরিচারক উচ্চৈঃস্বরে ইহা কহিবেন.

প্রভু তোমাদের সহিত থাকুন.

উত্তর. এবং তোমার আত্মার সহিত;

পরিচারক. আমরা প্রার্থনা করি.

হে প্রভো আমাদিগের প্রতি দয়া কর.

উত্তর. হে খ্রীষ্ট আমাদিগের প্রতি দয়া কর.

পরিচারক. হে প্রভো আমাদিগের প্রতি দয়া কর.

¶ এখানে পরিচারক সহকারিরা ও লোক সকল উচ্চৈঃস্বরে প্রভুর প্রার্থনা কহিবে.

হে আমাদের স্বর্গস্থ পিতঃ, তোমার নাম পুণ্যীকৃত হউক; তোমার রাজ্য আইসুক; তোমার ইচ্ছা স্বর্গেতে যেমন তেমনি পৃথিবী মধ্যে ও হউক; আমাদের দিবসিক রুটী এই দিবসে আমাদিগকে দেও; এবং আমরা যেমন নিজ অপরাধিদিগকে ক্ষমা করিতেছি; তেমনি আমাদের ও অপরাধ সকল ক্ষমা কর; আর আমাদিগকে পরীক্ষায় আনিও না কিন্তু মন্দ হইতে রক্ষা কর. আমেন্.

¶ ইহার পরে পুরোহিত দাঁড়াইয়া কহিবেন.

হে প্রভো, আমাদের প্রতি আপন দয়া প্রকাশ কর.

উত্তর. এবং আপন ত্রাণ আমাদিগকে দেও.

পুরোহিত. হে প্রভো রাণীকে রক্ষা কর.

উত্তর. আর যখন আমরা তোমাকে নিবেদন করি তখন আমাদিগকে দয়াপূর্ব্বক শ্রবণকর.

পুরোহিত. আপন পরিচারকগণকে ধর্ম্ম পরিধান করাও.

উত্তর. আর আপন মনোনীত লোককে আনন্দিত কর.

পুরোহিত. হে প্রভো আপন লোককে রক্ষা কর.

উত্তর. আর আপন অধিকারকে আশীর্ব্বাদ কর.

পুরোহিত. হে প্রভো আমাদের সময়ে শান্তি দেও.

উত্তর. যেহেতু আমাদের জন্যে যুদ্ধকারী তোমাব্যতিরেকে, হে ঈশ্বর, আর কেহ নাই.

পুরোহিত. হে ঈশ্বর, আমাদের অন্তরস্থ মন পরিষ্কার কর.

উত্তর. আর আমাদের হইতে আপন সদাত্মাকে লইও না.

¶ পরে তিন সাধারণ প্রার্থনা পাঠ করা যাইবে, প্রথম বর্ত্তমান দিবসীয় যাহা সহভাগক্রমে নিয়মিত আছে ; দ্বিতীয় শান্তি নিমিত্তক তৃতীয় সদাচরণার্থ প্রসাদ নিমিত্তক আর শেষ দুই প্রার্থনা কখন পরিবর্ত্ত হইবে না, কিন্তু সম্বৎসরের প্রতিদিবসে প্রাতঃকালীন প্রার্থনা সময়ে পশ্চাৎ লিখিতানুসারে পাঠ করা যাইবে, আর সকলে হাঁটু পাতিয়া থাকিবে.

দ্বিতীয়, শান্তি নিমিত্তক.

হে ঈশ্বর, তুমি শান্তিকারক ও ঐক্যতাপ্রেমী, তোমার জ্ঞানে আমাদের অনন্ত জীবন থাকে, আর তোমার সেবাই সম্পূর্ণ মুক্তি, অতএব আমাদের শত্রুগণের তাবৎ আক্রমণে তোমার বিনয়ি সেবক আমাদিগকে রক্ষা কর, যেন আমরা তোমার রক্ষণে নিশ্চয় বিশ্বাসী হইয়া কোন বৈরিদের পরাক্রমে ভীত না হই ; আমাদের প্রভু যীশু খ্রীষ্টের শক্তি দ্বারা ইহা হউক. আমেন.

তৃতীয়, প্রসাদ নিমিত্তক.

হে পরম প্রভো, আমাদের স্বর্গীয় পিতঃ সর্ব্বশক্তিমান নিত্যজীবী ঈশ্বর, তুমি এই দিবসের আরম্ভ পর্য্যন্ত আমাদিগকে কুশলে আনিয়াছ, অতএব এই দিনেতে তোমার মহাশক্তি দ্বারা আমাদিগকে রক্ষা কর, এবং যেন আমরা অদ্য কোন পাপেতে না পড়ি কিম্বা কোন প্রকার বিপদে ধাবমান না হই বরং তোমার দৃষ্টিতে যাহা যথার্থ তাহাই সর্ব্বদা করিতে আমাদের সকল ক্রিয়া তোমার শাসনে যেন নিয়মিত হয় ইহা আমাদের প্রভু যীশু খ্রীষ্টের দ্বারা প্রদান কর. আমেন.

¶ গীতস্থলে ও যেখানে২ গান করিয়া থাকে এক্ষণে সংকীর্ত্তন হইবে.

¶ তৎপরে এই পশ্চাল্লিখিত পঞ্চ প্রার্থনা লিটানিয়ার দিন ব্যতিরেকে পঠিত হইবে, আর সেই দিনে কেবল দুই শেষ প্রার্থনা যদ্রূপ তথায় স্থাপিত তদ্রূপ পাঠ করা যাইবে.

মহিমান্বিত রাণীর জন্য প্রার্থনা.

হে পরম প্রভো আমাদের স্বর্গীয় পিতঃ, উচ্চ ও শক্তিমান, রাজাদের রাজা, প্রভুদের প্রভু, ভূপতিদের এক শাসনকর্ত্তা, তুমি আপন সিংহাসন হইতে পৃথিবী বাসি সমস্তকে নিরীক্ষণ করিতেছ; আমরা সর্ব্বান্তঃকরণে তোমাকে নিবেদন করিতেছি আমাদের অত্যন্ত অনুগ্রাহিণী মহাস্বামিনী শ্রীমতি রাণী বিক্তোরিয়ার প্রতি আপন অনুগ্রহ পূর্ব্বক দৃষ্টিপাত কর, এবং আপন সদাত্মার প্রসাদে

তাঁহাকে এমন পূর্ণ কর যে তিনি তোমার ইচ্ছায় সর্ব্বদা রতা হন ও তোমার পথে চলেন; স্বর্গীয় দান তাঁহাকে বাহুল্যরূপে পরিধান করাও, তাঁহাকে সুস্থতা ও মঙ্গলে চিরজীবিনী কর, এবং তাঁহার সমস্ত শত্রুগণকে পরাস্ত ও পরাভূত করিতে তাঁহাকে শক্তি দেও, আর অবশেষে যেন তিনি এই জীবনের পর অনন্ত আহ্লাদ ও সুখ প্রাপ্তা হন; ইহা আমাদের প্রভু য়ীশু খ্রীষ্টের দ্বারা প্রদান কর. আমেন্.

রাজ পরিবারের জন্য প্রার্থনা.

হে সর্ব্বশক্তিমান ঈশ্বর সকল উত্তমতার আকর, আমরা বিনয় পূর্ব্বক তোমাকে নিবেদন করি যে তুমি শ্রীমতি আদেলেদ বিধবা রাণী ও কুমার আলবর্ট ও ওএল্লদেশীয় কুমার আলবর্ট এবং সমস্ত রাজ পরিবারকে আশীর্ব্বাদ কর, তাঁহাদিগকে আপন সদাত্মা পরিধান করাও, এবং আপন স্বর্গীয় প্রসাদে ধনী কর, তাঁহাদিগকে সকল মঙ্গলে বর্দ্ধিত কর এবং আপন অনন্ত রাজ্যেতে আনয়ন কর, আমাদের প্রভু য়ীশু খ্রীষ্টের দ্বারা ইহা হউক. আমেন্.

গুরুগণের ও লোকসমূহের নিমিত্তে প্রার্থনা.

হে সর্ব্বশক্তিমান্ ও নিত্যজীবী ঈশ্বর; তুমিই কেবল মহা অদ্ভুতকারী; অতএব তুমি আমাদের বিশপ ও রক্ষক গণের এবং তাঁহাদের পালনে সমর্পিত সমাজ সমূহের

উপর আপন প্রসাদের স্বাস্থ্যজনক আত্মা পাঠাও ; ও যেন তাঁহারা সত্যরূপে তোমাকে সন্তুষ্ট করেন, এই হেতু তোমার আশীর্ব্বাদের অবিরত শিশির তাঁহাদের উপরে ঢাল; হে পরমপ্রভো, আমাদের প্রতিনিধি ও মধ্যস্থ য়ীশু খ্রীষ্টের সম্মানের নিমিত্তে ইহা প্রদান কর. আমেন্.

সাধু খ্রুসস্তমের প্রার্থনা

হে সর্ব্বশক্তিমান ঈশ্বর, তুমি এই সময় এক মনে তোমার নিকটে আমাদের সাধারণ প্রার্থনা করিতে আমাদিগকে প্রসাদ প্রদান করিয়াছ, আর তোমার প্রতিজ্ঞা এই যে দুই তিন জন তোমার নাম করিয়া একত্র হইলে তুমি উহাদের যাচনীয় প্রদান করিবা, অতএব হে প্রভো, এইক্ষণে তোমার দাসগণের বাসনা ও যাচ্ঞা সকল তাহাদের যোগ্যানুসারে পূর্ণ করত ইহলোকে তোমার তত্ত্বজ্ঞান ও পরলোকে অনন্ত জাবন আমাদিগকে প্রদান কর. আমেন্.

করিন্থীয়দের প্রতি পৌলের দ্বিতীয় পত্র. ১৩. ১৪.

আমাদের প্রভু য়ীশু খ্রীষ্টের পসাদ, ও ঈশ্বরের প্রেম ও সদাত্মার সংমিলন আমা সকলের সহিত নিরন্তর হউক. আমেন্.

ইতি সাম্বৎসরিক প্রাতঃকালীন প্রার্থনার অনুক্রমঃ সমাপ্ত.

সংবৎসরের প্রতিদিবসিক

সায়ঙ্কালীন প্রার্থনার অনুক্রম।

¶ সায়ঙ্কালীন প্রার্থনারম্ভে পশ্চাল্লিখিত শাস্ত্রোক্ত পদের মধ্যে এক কিম্বা অধিক পদ ধর্ম্মপরিচারক উচ্চৈঃশব্দে পাঠ করিবেন. অনন্তর উক্ত পদের পশ্চাৎ যাহা লিখিত আছে তাহা কহিবেন.

দুষ্টলোক যে দুষ্টতা করিয়াছে তাহা হইতে বিমুখ হইলে ও ন্যায় এবং সদাচরণ করিলে, সে আপন আত্মাকে বাঁচাইবে. হিজিক্ ১৮. ২৭.

আমি আপন অপরাধ স্বীকার করি, এবং আমার পাপ সতত আমার সাক্ষাতে আছে. গীত ৫১. ৩.

আমার পাপহইতে তোমার মুখ গোপন কর, এবং আমার দুষ্ক্রিয়া সমস্ত মোচন কর. গীত ৫১. ৯.

ভগ্ন মনই পরমেশ্বরের বলি; হে ঈশ্বর, তুমি ভগ্ন ও ক্ষুণ্ণ অন্তঃকরণ তুচ্ছ করিবা না. গীত ৫১. ১৭.

বস্ত্র নহে বরং অন্তঃকরণ ছিন্ন কর এবং আপন ঈশ্বর পরমপ্রভুর প্রতি ফির, কেননা তিনি অনুগ্রাহক ও দয়াবান্

ও ক্রোধে ধীর ও বহু স্নেহী এবং মন্দ বিষয়ে অনুতাপী. যোএল্ ২. ১৩.

যদিও আমরা পরমপ্রভু আমাদের ঈশ্বরের আজ্ঞা বিরুদ্ধে গতি করিয়াছি, ও যে ব্যবস্থা তিনি আমাদের সম্মুখে স্থাপন করিয়াছেন তদনুসারে চলিতে তাঁহার বাক্য মানি নাই; তত্রাপি দয়া ও ক্ষমা পরমপ্রভু আমাদের ঈশ্বরেরই আছে. দান্যেল্ ৯. ৯. ১০.

হে পরমপ্রভো, আমাকে বিচারপূর্ব্বক শাসন কর ক্রোধ পূর্ব্বক নহে, পাছে আমার হ্রাস হয়. য়িরমীয় ১০. ২৪. গীত ৬. ১.

অনুতাপ কর, কেননা স্বর্গের রাজ্য সন্নিকট হইয়াছে. মথায় ৩. ২.

আমি উঠিয়া আপন পিতার নিকটে যাইব ও তাঁহাকে কহিব, হে পিতঃ, আমি স্বর্গের বিরুদ্ধে ও তোমার সাক্ষাতে পাপ করিয়াছি, এবং তোমার পুত্র বলিয়া খ্যাত হইবার আর যোগ্য নহি. লূক্ ১৫. ১৮. ১৯.

হে পরমপ্রভো, আপন দাসের বিচার করিতে যাইও না; যে হেতু তোমার সাক্ষাতে কোন প্রাণী নির্দ্দোষী থাকিবে না. গীত ১৪৩. ২.

যদি বলি আমাদের পাপ নাই, তবে আপনাদিগকেই ভ্রান্ত করিতেছি, এবং আমাদের অন্তরে সত্য নাই; কিন্তু যদি আপনাদের পাপ স্বীকার করি তবে আমাদের পাপ ক্ষমা করিতে, এবং সমস্ত অধর্ম্ম হইতে আমাদিগকে পরিষ্কার করিতে তিনি বিশ্বস্ত ও যাথার্থিক আছেন. ১ যোহন ১. ৮. ৯.

হে অতি প্রিয় ভ্রাতৃগণ, ঈশ্বরের অসীম অনুগ্রহ ও করুণাদ্বারা আমরা যেন ক্ষমা প্রাপ্ত হই এই নিমিত্তে ধর্ম্ম শাস্ত্র নানা স্থলেতে আমাদিগকে উপদেশ দেয় যে আমরা আপনাদের নানাবিধ পাপ ও দুষ্টতা স্বীকার করি ও মানি, আর আমাদের স্বর্গীয় পিতা সর্ব্বশক্তিমান ঈশ্বরের সাক্ষাতে ছলে না লুকাইয়া বরং নম্র বিনয়ি অনুতাপি ও আজ্ঞাবহ অন্তঃকরণে তাহা স্বীকার করি, অপর যদ্যপি ঈশ্বরের সম্মুখে আমাদের বিনয় পূর্ব্বক পাপ স্বীকার করা সর্ব্বকালে কর্ত্তব্য বটে, তত্রাপি যখন তাঁহার হস্ত হইতে প্রাপ্ত পরম উপকারের কারণ ধন্যবাদ করিতে, ও তাঁহার অতি উপযুক্ত প্রশংসা প্রকাশ করিতে, ও তাঁহার অতি পুণ্য বাক্য শ্রবণ করিতে, ও আত্মা ও শরীর উভয়ের প্রয়োজনীয় ও আবশ্যক বিষয় প্রার্থনা করিতে, আমরা সকলে সভাস্থ ও একত্র হই, তখন তাহা বিশেষরূপে কর্ত্তব্য; অতএব এস্থানে উপস্থিত যে তোমরা, তোমাদিগকে নিবেদন ও বিনতি করি, যে শুদ্ধ অন্তঃকরণে ও নম্র স্বরে স্বর্গীয় প্রসাদের সিংহাসন সমীপে আমার সহিত আসিয়া কহ.

¶ এই সাধারণ পাপ স্বীকার সভাস্থ লোক সমুদায় ধর্ম্ম পরিচারকের সহিত হাঁটু পাতিয়া তাঁহার পশ্চাৎ২ কহিবে.

হে সর্ব্বশক্তিমান্ ও পরম দয়াময় পিতঃ; আমরা হারাণ মেষের ন্যায় তোমার পথ ত্যাগ করিয়া ভ্রমণ করিয়াছি; আমরা অত্যন্তরূপে নিজ অন্তঃকরণের কল্পনা ও ইচ্ছানুসারে আচরণ করিয়াছি; তোমার পুণ্য ব্যবস্থা আমরা

লঙ্ঘন করিয়াছি; আমাদের কর্ত্তব্য কর্ম্ম আমরা করি নাই; এবং আমাদের অকর্ত্তব্য কর্ম্ম আমরা করিয়াছি; আর আমাদের অন্তরে সুস্থতা নাই; কিন্তু হে পরমপ্রভো দীন হীন অপরাধী যে আমরা আমাদের প্রতি দয়া কর. হে ঈশ্বর, যাহারা আপন দোষ স্বীকার করে তাহাদিগকে ক্ষমা কর, অনুতাপী যাহারা তাহাদিগকে পুনঃস্থাপন কর, যথা মনুষ্য জাতির প্রতি তুমি প্রভু য়ীশু খ্রীষ্টদ্বারা অঙ্গীকার প্রকাশ করিয়াছ; এবং হে পরম দয়াময় পিতঃ তাঁহার অনুরোধে প্রদান কর; যে আমরা এক্ষণাবধি তোমার পুণ্য নামের গৌরবার্থে; ধর্ম্ম ও যাথার্থ্য ও ধৈর্য্য রূপ আচরণ করি. আমেন্.

¶ অথ বিমোচন অর্থাৎ পাপ ক্ষমা ইহা সমুদায় লোক হাঁটু পাতিয়া থাকিলে কেবল পুরোহিত দাঁড়াইয়া প্রচার করিবেন.

সর্ব্বশক্তিমান্ ঈশ্বর, আমাদের প্রভু য়ীশু খ্রীষ্টের পিতা, যিনি পাপির মরণ ইচ্ছা করেন না বরং সে আপন দুষ্টতা হইতে বিমুখ হইয়া জীবিত হয়, ইহাই ইচ্ছা করেন; আর অনুতাপী হইলে পাপের মোচন ও ক্ষমা আপন লোকের প্রতি প্রচার ও প্রকাশ করিতে আপন ধর্ম্ম পুরোহিত-দিগকে ক্ষমতা ও আজ্ঞা যিনি দিয়াছেন, তিনি যাহারা সত্যরূপে অনুতাপ করে ও তাঁহার পুণ্য সুসমাচারে নিষ্কপট রূপে বিশ্বাসী হয় তাহাদিগকে ক্ষমা ও মোচন করেন. অতএব আইস আমরা তাঁহাকে প্রার্থনা করি, যে তিনি সত্য অনুতাপ ও নিজ সদাত্মা আমাদিগকে দান করুন,

যেন আমাদের এক্ষণকার কৃতকর্ম্ম তাঁহার সন্তোষ জন্মায়, এবং ইহার পরে আমাদের অবশিষ্ট জীবন শুদ্ধ ও পবিত্র হয়, তাহাতে শেষে তাঁহার নিত্য আনন্দেতে প্রভু য়ীশু খ্রীষ্টের দ্বারা আসিতে পারি.

¶ ইহার এবং আর২ প্রার্থনার অন্তে সভাস্থ সকলে আমেন্ কহিবে.

¶ তৎপরে ধর্ম্ম পরিচারক হাঁটু পাতিয়া উচ্চৈঃশব্দে প্রভুর প্রার্থনা কহিবেন. আর সমুদায় লোক হাঁটু পাতিয়া এ স্থলে এবং ঈশ্বরীয় উপাসনার মধ্যে যে২ স্থলে ইহার বিধি আছে, সেই২ স্থলে তাঁহার সহিত তাহা কহিবে.

হে আমাদের স্বর্গস্থ পিতঃ, তোমার নাম পুণ্যীকৃত হউক; তোমার রাজ্য আইসুক; তোমার ইচ্ছা স্বর্গেতে যেমন তেমনি পৃথিবী মধ্যেও হউক: আমাদের দিবসিক রুটী এই দিবসে আমাদিগকে দেও; এবং আমরা যেমন নিজ অপরাধিদিগকে ক্ষমা করিতেছি; তেমনি আমাদেরও অপরাধ সকল ক্ষমা কর; আর আমাদিগকে পরীক্ষায় আনিও না; কিন্তু মন্দ হইতে রক্ষা কর; যেহেতু তোমারই রাজ্য ও পরাক্রম ও মহিমা সদা সর্ব্বদা আছে. আমেন্.

¶ তাহার পর তিনি কহিবেন.

হে পরমপ্রভু, আমাদের ওষ্ঠাধর খুলিয়া দেও.

উত্তর. তাহাতে আমাদের মুখ তোমার প্রশংসা প্রকাশ করিবে.

পুরোহিত. হে ঈশ্বর আমাদিগকে রক্ষা করিতে শীঘ্র আইস.

উত্তর. হে প্রভো, আমাদের উপকার করিতে ত্বরা কর.

¶ এস্থলে সকলে দাঁড়াইলে পুরোহিত কহিবেন.

পিতা ও পুত্র ও সদাত্মার মহিমা হউক;

উত্তর. পূর্ব্বে যেমন ছিল, এখনও আছে, এবং অনন্ত কাল পর্য্যন্ত সদা হইবে. আমেন্.

পুরোহিত. পরমপ্রভুর প্রশংসা কর.

উত্তর. পরমপ্রভুর নাম প্রশংসিত হউক.

¶ এই স্থলে নিরূপিত ক্রমে গীতসংহিতার পাঠ কিম্বা গান করা যাইবে. পরে নিরূপিত ক্রমে পুরাতন নিয়ম হইতে এক পাঠ; এবং তাহার পরে চলিত ভাষায় মগ্নিফিকত অর্থাৎ পশ্চাল্লিখিত ধন্য মরীয়া কুমারীর স্তব.

মগ্নিফিকত. সাধুলূকের ১. ৪৬.

আমার মন পরমপ্রভুর গৌরব করে ও আমার আত্মা ঈশ্বর আমার ত্রাণ কর্ত্তাতে উল্লাস করিয়াছে.

কারণ তিনি আপন দাসীর দীনতার প্রতি অবলোকন করিয়াছেন,

অতএব দেখ এখনহইতে সকল বংশে আমাকে ধন্যা কহিবে.

কারণ যিনি শক্তিমান তিনি আমার জন্য মহৎ ক্রিয়া করিয়াছেন; ও তাঁহার নাম পুণ্য.

এবং তাঁহার ভয়কারিদের উপর বংশপরম্পরায় তাঁহার দয়া.

তিনি আপন বাহু দ্বারা বল প্রকাশ করিয়াছেন, তিনি অহঙ্কারিদিগকে তাহাদের চিত্তের কল্পনাতে ইতস্ততো নিঃক্ষিপ্ত করিয়াছেন.

তিনি পরাক্রান্তদিগকে সিংহাসন হইতে অবনত করিয়াছেন এবং নীচদিগ্‌কে উন্নত করিয়াছেন.

তিনি ক্ষুধিতদিগ্‌কে উত্তম বস্তুতে পূর্ণ করিয়াছেন এবং ধনিদিগ্‌কে শূন্য করিয়া বিদায় করিয়াছেন.

তিনি আমাদের পিতৃগণ অর্থাৎ আব্রাহম ও তাঁহার তাবৎ বংশের প্রতি যেমন কহিয়াছিলেন তেমন তাঁহার দয়ার স্মরণার্থে আপন সেবক ইস্রাএলের উপকার করিয়াছেন.

পিতা ও পুত্র ও সদাত্মার মহিমা হউক;

পূর্ব্বে যেমন ছিল, এখনও আছে, এবং অনন্ত কাল পর্য্যন্ত সদা হইবে. আমেন্.

¶ অথবা এই গীত; কিন্তু প্রতিমাসের ঊনবিংশ দিবসে এই স্থলে ইহা পঠিত না হইয়া গীত সংহিতাক্রমে পঠিত হইবে.

৯৮ গীত.

পরমপ্রভুর উদ্দেশে নূতন গীত গান কর, কারণ তিনি আশ্চর্য্য করিয়াছেন.

তাঁহার দক্ষিণ হস্ত এবং তাঁহার পুণ্য বাহু তাঁহার নিমিত্তে ত্রাণ পাইয়াছে.

পরমপ্রভু আপন ত্রাণ জানাইয়াছেন; অন্য জাতিদের সাক্ষাতে আপন ধর্ম্ম প্রকাশ করিয়াছেন.

তিনি ইস্রাএল.বংশের প্রতি আপন অনুগ্রহ ও সত্যতা স্মরণ করিয়াছেন; পৃথিবীর সর্ব্বসীমা আমাদের ঈশ্বরের ত্রাণ দেখিয়াছে.

হে পৃথিবী সমুদায়, পরমপ্রভুর প্রতি উল্লাস ধ্বনি কর উচ্চৈঃ শব্দ কর, ও আহ্লাদ কর, ও সংকীর্ত্তন কর.

বীণাতে পরমপ্রভুর সংকীর্ত্তন কর, বীণাতে এবং সংকীর্ত্তনের স্বরেতে.

তুরী ও শিঙ্গার স্বরেতে রাজা পরমপ্রভুর সম্মুখে উল্লাস ধ্বনি কর.

সমুদ্র গর্জ্জন করুক, ও তাহার পূর্ণতা; ভূমণ্ডল ও তন্নিবাসিরা.

নদীগণ করতালী দেউক, ও পর্ব্বত সকল এক সঙ্গে উল্লাস করুক

পরমপ্রভুর সম্মুখে; যেহেতু তিনি পৃথিবীর বিচার করিতে আসিতেছেন, তিনি ভূমণ্ডলকে ধর্ম্মেতে ও লোকদিগকে ন্যায়েতে বিচার করিবেন.

পিতা ও পুত্র ও সদাত্মার মহিমা হউক;

পূর্ব্বে যেমন ছিল, এখনও আছে, এবং অনন্ত কাল পর্য্যন্ত সদা হইবে. আমেন্.

¶ এই স্থলে নিরূপিত ক্রমে নূতন নিয়মের এক পাঠ; পরে চলিত ভাষায় নঙ্ক ডিমিত্তিস অর্থাৎ পশ্চাল্লিখিত সিম্যোনের স্তব.

হে প্রভো, এখন তুমি আপন দাসকে নিজ বাক্যানুসারে শান্তিতে বিদায় করিতেছ.

কেননা আমার চক্ষু তোমার ত্রাণ দেখিয়াছে,

যাহা তুমি সকল লোকের সম্মুখে প্রস্তুত করিয়াছ,

অন্য জাতিদের প্রকাশার্থ দীপ্তি এবং আপন লোক ইস্রাএলের গৌরব.

পিতা ও পুত্র ও সদাত্মার মহিমা হউক;

পূর্ব্বে যেমন ছিল, এখনও আছে, এবং অনন্ত কাল পর্য্যন্ত সদা হইবে. আমেন্.

¶ অথবা এই গীত, কিন্তু মাসের দ্বাদশ দিবসে নহে.

৬৭ গীত.

ঈশ্বর আমাদিগকে দয়া করুন, এবং আমাদিগকে আশীর্ব্বাদ করুন, এবং আমাদের প্রতি আপন মুখ দীপ্ত করুন,

যেন তোমার পথ পৃথিবীতে ও তোমার ত্রাণ অন্য জাতি সকলের মধ্যে জ্ঞাত হয়.

হে ঈশ্বর, লোকে তোমার প্রশংসা করুক, লোক সমুদায়ে তোমার প্রশংসা করুক.

জাতিরা আনন্দ ও গান করুক, যেহেতু তুমি লোকদিগকে ন্যায়েতে বিচার করিবা. ও পৃথিবীতে জাতিদের শাসন করিবা.

হে ঈশ্বর, লোকে তোমার প্রশংসা করুক, লোক সমুদায়ে তোমার প্রশংসা করুক.

পৃথিবী আপন ফল দিবে, ঈশ্বর আমাদের ঈশ্বরই আমাদিগকে আশীর্ব্বাদ করিবেন.

ঈশ্বর আমাদিগকে আশীর্ব্বাদ করিবেন, এবং পৃথিবীর সমস্ত সীমা তাঁহাকে ভয় করিবে.

পিতা ও পুত্র ও সদাত্মার মহিমা হউক;

পূর্ব্বে যেমন ছিল, এখনও আছে, এবং অনন্ত কাল পর্য্যন্ত সদা হইবে. আমেন্.

¶ পরে পরিচারক ও সভা সমূহ দাঁড়াইয়া প্রেরিতগণের প্রতীতি বাক্য গান কিম্বা পাঠ করিবে.

স্বর্গ ও পৃথিবীর সৃষ্টিকর্ত্তা সর্ব্বশক্তিমান পিতা ঈশ্বরেতে আমি বিশ্বাস করি.

এবং তাঁহার অদ্বিতীয় পুত্র আমাদের প্রভু য়ীশু খ্রীষ্টে; যিনি সদাত্মার দ্বারা গর্ব্ভস্থ হইয়া মরীয়া কুমারী হইতে জন্মিলেন; পন্তিয়স পীলাতের কালে দুঃখ ভোগ করিলেন, ক্রুশার্পিত, মৃত, ও পোতিত হইলেন; পরলোকে নামিলেন; তৃতীয় দিবসে মৃতদের হইতে পুনরায় উঠিলেন; স্বর্গে আরোহণ করিলেন; এবং সর্ব্বশক্তিমান পিতা ঈশ্বরের দক্ষিণ পার্শ্বে বসিয়া আছেন; তথাহইতে জীবিত ও মৃতদের বিচার করিতে আসিবেন.

আমি সদাত্মাতে বিশ্বাস করি; পুণ্য সার্ব্ব সভাতে; সাধুদের সম্মতিতে; পাপ মোচনেতে; শরীরের পুনরুত্থানে ও অনন্ত জীবনে; আমেন্.

¶ পরে ভক্তিপূর্ব্বক সকলে হাঁটু পাতিয়ে পশ্চাল্লিখিত প্রার্থনা; কিন্তু প্রথমে পরিচারক উচ্চৈঃস্বরে ইহা কহিবেন.

প্রভু তোমাদের সহিত থাকুনঃ

উত্তর এবং তোমার আত্মার সহিত;

পরিচারক. আমরা প্রার্থনা করি.

হে প্রভো, আমাদিগের প্রতি দয়া কর.

উত্তর. হে খ্রীষ্ট, আমাদিগের প্রতি দয়া কর.

পরিচারক. হে প্রভো, আমাদিগের প্রতি দয়া কর.

¶ এখানে পরিচারক সহকারিরা ও লোক সকল উচ্চৈঃস্বরে প্রভুর প্রার্থনা কহিবে.

হে আমাদের স্বর্গস্থ পিতঃ, তোমার নাম পুণ্যীকৃত হউক; তোমার রাজ্য আইসুক; তোমার ইচ্ছা স্বর্গেতে যেমন তেমনি পৃথিবী মধ্যে ও হউক; আমাদের দিবসিক রুটী এই দিবসে আমাদিগকে দেও; এবং আমরা যেমন নিজ অপরাধিদিগকে ক্ষমা করিতেছি; তেমনি আমাদের ও অপরাধ সকল ক্ষমা কর; আর আমাদিগকে পরীক্ষায় আনিও না কিন্তু মন্দ হইতে রক্ষা কর. আমেন্.

¶ ইহার পরে পুরোহিত দাঁড়াইয়া কহিবেন.

হে প্রভো, আমাদের প্রতি আপন দয়া প্রকাশ কর.

উত্তর. এবং আপন ত্রাণ আমাদিগকে দেও.

পুরোহিত. হে প্রভো রাণীকে রক্ষা কর.

উত্তর. আর যখন আমরা তোমাকে নিবেদন করি তখন আমাদিগকে দয়াপূর্ব্বক শ্রবণ কর.

পুরোহিত. আপন পরিচারকগণকে ধর্ম্ম পরিধান করাও.

উত্তর. আর আপন মনোনীত লোককে আনন্দিত কর.

পুরোহিত. হে প্রভো, আপন লোককে রক্ষা কর.

উত্তর. আর আপন অধিকারকে আশীর্ব্বাদ কর.

পুরোহিত. হে প্রভো, আমাদের সময়ে শান্তি দেও.

উত্তর. যেহেতু আমাদের জন্যে যুদ্ধকারী তোমা ব্যতিরেকে, হে ঈশ্বর, আর কেহ নাই.

পুরোহিত. হে ঈশ্বর, আমাদের অন্তরস্থ মন পরিষ্কার কর.

উত্তর. আর আমাদের হইতে আপন সদাত্মাকে লইও না.

¶ পরে তিন সাধারণ প্রার্থনা পাঠ করা যাইবে প্রথম বর্ত্তমান দিবসীয় দ্বিতীয় শান্তি নিমিত্তক তৃতীয় সকলবিপদের বারণার্থ আনুকূল্য নিমিত্তক. আর শেষ দুই প্রার্থনা সায়ঙ্কালের প্রার্থনা সময়ে প্রতিদিন পশ্চাৎ-লিখিতানুসারে অবিকল পাঠ করা যাইবে.

সায়ঙ্কালীন প্রার্থনা সময়ে দ্বিতীয় সাধারণ প্রার্থনা.

হে ঈশ্বর, তোমা হইতে সকল পুণ্য বাসনা ও সকল হিত পরামর্শ ও সকল যথার্থ ক্রিয়া নির্গত হয়, অতএব যে শান্তি সংসার দিতে পারেনা তাহা তুমি আপন সেবক-দিগকে দেও, তাহাতে আমাদের অন্তঃকরণ তোমার আজ্ঞা পালন করিতে যেন স্থির হয়, এবং আমরা নিজ শত্রুগণের ভয় হইতে তোমাকর্ত্তৃক রক্ষিত হইয়া নির্ব্বিঘ্নে ও শান্তিতে কাল যাপন করি; আমাদের ত্রাণকর্ত্তা যীশু খ্রীষ্টের গুণদ্বারা ইহা হউক. আমেন্.

তৃতীয়, সকল বিপদের বারণার্থ আনুকূল্য নিমিত্তক.

হে প্রভো, আমরা বিনয় করিতেছি আমাদের অন্ধকার দীপ্ত কর, এবং আপন পরম দয়া দ্বারা আমাদিগ্‌কে এই রাত্রির সকল সঙ্কট ও আপদ হইতে রক্ষা কর, তোমার অদ্বিতীয় পুত্র আমাদের ত্রাণকর্ত্তা য়ীশু খ্রীষ্টের প্রেম নিমিত্তে ইহা কর. আমেন্‌.

¶ গীতস্থলে ও যেখানে২ গান করিয়া থাকে এক্ষণে সংকীর্ত্তন হইবে.

মহিমান্বিত রাণীর জন্য প্রার্থনা.

হে পরম প্রভো আমাদের স্বর্গীয় পিতঃ, উচ্চ ও শক্তিমান, রাজাদের রাজা, প্রভুদের প্রভু, ভূপতিদের এক শাসনকর্ত্তা, তুমি আপন সিংহাসন হইতে পৃথিবী বাসি সমস্তকে নিরীক্ষণ করিতেছ; আমরা সর্ব্বান্তঃকরণে তোমাকে নিবেদন করিতেছি, আমাদের অত্যন্ত অনুগ্রাহিণী মহাস্বামিনী শ্রীমতি রাণী বিক্তোরিয়ার প্রতি আপন অনুগ্রহ পূর্ব্বক দৃষ্টিপাত কর, এবং আপন সদাত্মার প্রসাদে তাঁহাকে এমন পূর্ণ কর যে তিনি তোমার ইচ্ছায় সর্ব্বদা রতা হন ও তোমার পথে চলেন; স্বর্গীয় দান তাঁহাকে বাহুল্যরূপে পরিধান করাও, তাঁহাকে সুস্থতা ও মঙ্গলে চিরজীবিনী কর, এবং তাঁহার সমস্ত শত্রুগণকে পরাস্ত ও পরাভূত করিতে তাঁহাকে শক্তি দেও, আর অবশেষে যেন তিনি এই জীবনের পর অনন্ত আহ্লাদ ও সুখ প্রাপ্তা হন; ইহা আমাদের প্রভু য়ীশু খ্রীষ্টের দ্বারা প্রদান কর. আমেন্‌.

রাজ পরিবারের জন্য প্রার্থনা.

হে সর্ব্বশক্তিমান ঈশ্বর সকল উত্তমতার আকর, আমরা বিনয় পূর্ব্বক তোমাকে নিবেদন করি যে তুমি শ্রীমতি আদেলেদ বিধবা রাণী ও কুমার আলবর্ট ও ওএল্সদেশীয় কুমার আলবর্ট এবং সমস্ত রাজ পরিবারকে আশীর্ব্বাদ কর, তাঁহাদিগকে আপন সদাত্মা পরিধান করাও, এবং আপন স্বর্গীয় প্রসাদে ধনী কর, তাঁহাদিগকে সকল মঙ্গলে বর্দ্ধিত কর এবং আপন অনন্ত রাজ্যেতে আনয়ন কর, আমাদের প্রভু য়ীশু খ্রীষ্টের দ্বারা ইহা হউক. আমেন্.

গুরুগণের ও লোকসমূহের নিমিত্তে প্রার্থনা

হে সর্ব্বশক্তিমান্ ও নিত্যজীবী ঈশ্বর, তুমিই কেবল মহা অদ্ভুতকারী; অতএব তুমি আমাদের বিশপ ও রক্ষক গণের এবং তাঁহাদের পালনে সমর্পিত সমাজ সমূহের উপর আপন প্রসাদের স্বাস্থ্যজনক আত্মা পাঠাও; ও যেন তাঁহারা সত্যরূপে তোমাকে সন্তুষ্ট করেন, এই হেতু তোমার আশার্ব্বাদের অবিরত শিশির তাঁহাদের উপরে ঢাল; হে পরমপ্রভো, আমাদের প্রতিনিধি ও মধ্যস্থ য়ীশু খ্রীষ্টের সম্মানের নিমিত্তে ইহা প্রদান কর. আমেন্.

সাধু খ্রুসস্তমের প্রার্থনা

হে সর্ব্বশক্তিমান ঈশ্বর, তুমি এই সময় এক মনে তোমার নিকটে আমাদের সাধারণ প্রার্থনা করিতে আমা-

দিগকে প্রসাদ প্রদান করিয়াছ, আর তোমার প্রতিজ্ঞা এই যে দুই তিন জন তোমার নাম করিয়া একত্র হইলে তুমি উহাদের যাচনীয় প্রদান করিবা, অতএব হে প্রভো, এইক্ষণে তোমার দাসগণের বাসনা ও যাচ্ঞা সকল তাহাদের যোগ্যানুসারে পূর্ণ করত ইহলোকে তোমার তত্ত্বজ্ঞান ও পরলোকে অনন্ত জীবন আমাদিগকে প্রদান কর. আমেন্.

করিন্থীয়দের প্রতি পৌলের দ্বিতীয় পত্র. ১৩. ১৪.

আমাদের প্রভু যীশু খ্রীষ্টের প্রসাদ, ও ঈশ্বরের প্রেম ও সদাত্মার সংমিলন আমা সকলের সহিত নিরন্তর হউক. আমেন্.

ইতি সাম্বৎসরিক সায়ঙ্কালীন প্রার্থনার অনুক্রমঃ সমাপ্ত.

প্রাতঃকালীন প্রার্থনা সময়ে।

¶ এই২ পর্ব্বেতে অর্থাৎ খ্রীষ্টজন্মদিন, প্রকাশ, সাধু মথীয়, পুনরুত্থান দিন, আরোহণদিন, পঞ্চাশদ্দিন, সাধু য়োহন্নি বাপ্তিয়্মক, সাধু য়াকুব, সাধু বর্থলমায়, সাধু মথায়, সাধু সীমোন ও সাধু যিহুদা, সাধু আন্দ্রীয় এবং ত্রিত্ব রবিবারে প্রাতঃকালীন প্রার্থনাসময়ে ধর্ম্মপরিচারক ও লোকসম্প্রদায় দাঁড়াইয়া প্রেরিতগণের প্রতীতি বাক্যের পরিবর্ত্তে সাধু অথনাস্যের প্রতীতি বাক্য নামে প্রসিদ্ধ আমাদের এই খ্রীষ্টীয় বিশ্বাসের স্বীকারগান কিম্বা পাঠ করিবে.

যে কেহ ত্রাণ পাইতে ইচ্ছা করে তাহার সার্ব্ব বিশ্বাস ধারণ করা সর্ব্বাপেক্ষায় আবশ্যক.

এই বিশ্বাস যেকেহ অখণ্ড ও নির্ম্মল রূপে পালন না করে সে নিঃসন্দেহ অনন্তকাল নষ্ট হইবে.

ও সার্ব্ব বিশ্বাস এই যে এক ঈশ্বরকে ত্রিত্বে ও ত্রিত্বকে একত্বে

ব্যক্তিদের মিশ্রণ ও বস্তুর ভেদ না করিয়া আমরা ভজনা করি.

যেহেতু পিতা এক ব্যক্তি, পুত্র অন্য এক ব্যক্তি, ও সদাত্মা অন্য এক ব্যক্তি.

কিন্তু পিতার পুত্রের ও সদাত্মার ঈশ্বরত্ব একই, মহিমা তুল্য ও পুভাব সমনিত্য.

পিতা যাদৃশ, তাদৃশ পুত্র, এবং সদাত্মা ও তাদৃশ.

পিতা অসৃষ্ট, পুত্র অসৃষ্ট, এবং সদাত্মা ও অসৃষ্ট.

পিতা অসীম, পুত্র অসীম, এবং সদাত্মা ও অসীম.

পিতা নিত্য পুত্র নিত্য, এবং সদাত্মা ও নিত্য.

তথাপি তাঁহারা তিন নিত্য নহেন কিন্তু এক নিত্য.

সেইরূপ তিন অসীম কিম্বা তিন অসৃষ্ট নাহি কিন্তু এক অসৃষ্ট ও এক অসীম.

তদ্রূপ পিতা সর্ব্বশক্তিমান, পুত্র সর্ব্বশক্তিমান এবং সদাত্মা ও সর্ব্বশক্তিমান.

তথাপি তাঁহারা তিন সর্ব্বশক্তিমান নহেন কিন্তু এক সর্ব্বশক্তিমান.

তদ্রূপ পিতা ঈশ্বর, পুত্র ঈশ্বর, এবং সদাত্মা ও ঈশ্বর.

তথাপি তাঁহারা তিন ঈশ্বর নহেন, কিন্তু এক ঈশ্বর.

তদ্রূপ পিতা পুভু, পুত্র পুভু, এবং সদাত্মা ও পুভু.

তথাপি তিন পুভু নহেন, কিন্তু এক পুভু.

কারণ যেমত খ্রীষ্টীয় সত্যতাতে পুত্যেক ব্যক্তিকে ভিন্ন২ ঈশ্বর ও পুভু স্বীকার করা আমাদের আবশ্যক,

সেইমত তিন ঈশ্বর কিম্বা তিন পুভু কহা সার্ব্ব ধর্ম্মেতে আমাদের নিষিদ্ধ.

পিতা কাহারো নির্ম্মিত নহেন, সৃষ্ট ও নহেন, জনিত ও নহেন.

পুত্র কেবল পিতা হইতে হন, নির্ম্মিত নহেন সৃষ্টও নহেন, কিন্তু জনিত.

সদাত্মা পিতা ও পুত্র হইতে হন, নির্ম্মিত নহেন, সৃষ্টও নহেন, জনিতও নহেন কিন্তু নির্যায়ী.

অতএব এক পিতা তিন পিতা নহে; এক পুত্র তিন পুত্র নহে, এক সদাত্মা তিন সদাত্মা নহে.

এবং এই ত্রিত্বতে কেহ কাহারো পূর্ব্বাপর নহেন, কেহ কাহারো ন্যূনাধিক নহেন.

কিন্তু সমস্ত তিনব্যক্তি পরস্পর সমনিত্য, এবং সমতুল্য.

অতএব সর্ব্ববিষয়ে পূর্ব্বোক্তানুসারে একত্বে ত্রিত্ব এবং ত্রিত্বে একত্ব ভজনা করা উচিত.

এই হেতুক যে কেহ ত্রাণ পাইতে ইচ্ছা করে; ত্রিত্ব বিষয়ে তাহার এইরূপ বোধ করা আবশ্যক.

অপর আমাদের প্রভু য়ীশুখ্রীষ্টের দেহধারণে প্রকৃতরূপ প্রত্যয় করাও অনন্ত পরিত্রাণের নিমিত্তে তাহার আবশ্যক.

আর প্রকৃত বিশ্বাস এই, যে আমরা প্রত্যয় ও স্বীকার করি যে আমাদের প্রভু য়ীশুখ্রীষ্ট যিনি ঈশ্বরের পুত্র তিনি ঈশ্বর ও মনুষ্য.

পিতার বস্তু হইতে তিনি ঈশ্বর, সর্ব্বজগতের পূর্ব্বে

জনিত; এবং মাতার বস্তু হইতে মনুষ্য, জগতের মধ্যে জাত.

সম্পূর্ণ ঈশ্বর এবং সম্পূর্ণ মনুষ্য, মানবীয় মাংস ও বিবেচক আত্মাতে সংস্থায়ী.

ঈশ্বরত্ব বিষয়ে পিতার তুল্য ও মনুষ্যত্ব বিষয়ে পিতা হইতে ন্যূন.

আর যদ্যপি তিনি ঈশ্বর ও মনুষ্য বটেন, তথাপি দুই নহেন, কিন্তু এক খ্রীষ্ট.

তিনি এক, ইহা মাংসে ঈশ্বরত্বের বিকার হেতু নহে, কিন্তু ঈশ্বরে মনুষত্বের সংগ্রহণ হেতু.

তিনি নিতান্ত এক; বস্তুর মিশ্রণে নহে, কিন্তু ব্যক্তির একত্বে.

কেননা যেমন বিবেচক আত্মা ও মাংস এক মনুষ্য, তেমনি ঈশ্বর ও মনুষ্য এক খ্রীষ্ট,

যিনি আমাদের ত্রাণের নিমিত্তে দুঃখ ভোগ করিলেন, পরলোকে নামিলেন, তৃতীয় দিবসে মৃতদের হইতে পুনরায় উঠিলেন.

তিনি স্বর্গেতে আরোহণ করিলেন, সর্ব্বশক্তিমান পিতা ঈশ্বরের দক্ষিণপার্শ্বে বসিয়া আছেন, তথা হইতে জীবিত ও মৃতদের বিচার করিতে আসিবেন.

তাঁহার আগমনে সকল মনুষ্য সশরীরে পুনরায় উঠিবে ও আপন আপন কর্ম্মের নিকাশ দিবে.

এবং যাহারা ভাল করিয়াছে, তাহারা অনন্ত জীবনে,

ও যাহারা মন্দ করিয়াছে তাহারা অনন্তানলে যাইবে.

সার্ব্ব বিশ্বাস এই, ইহাতে যে কেহ প্রকৃতরূপে প্রত্যয় না করে, তাহার ত্রাণ হইতে পারে না.

পিতা ও পুত্র ও সদাত্মার মহিমা হউক ;

পূর্ব্বে যেমন ছিল, এখনও আছে, এবং অনন্তকাল পর্য্যন্ত সদা হইবে. আমেন.

লিটানিয়া।

¶ এই স্থলে লিটানিয়া অর্থাৎ সাধারণ নিবেদন রবি বুধ শুক্র বারে এবং ধর্ম্মাধ্যক্ষের আদিষ্ট আর২ সময়ে প্রাতঃকালীন প্রার্থনার পরে গান বা পাঠ করা যাইবে.

পুরোহিতোক্তি. হে স্বর্গীয় ঈশ্বর পিতঃ, দীনহীন পাপী যে আমরা, আমাদের প্রতি দয়া কর.

সভাবাক্য. হে স্বর্গীয় ঈশ্বর পিতঃ, দীনহীন পাপী যে আমরা, আমাদের প্রতি দয়া কর.

পু. হে ঈশ্বর পুত্র, জগতের ত্রাণকর্ত্তা, দীনহীন পাপী যে আমরা, আমাদের প্রতি দয়া কর.

স. হে ঈশ্বর পুত্র, জগতের ত্রাণকর্ত্তা, দীনহীন পাপী যে আমরা, আমাদের প্রতি দয়া কর.

পু. হে ঈশ্বর সদাত্মা, পিতা ও পুত্র হইতে নির্যায়ী, দীনহীন পাপী যে আমরা, আমাদের প্রতি দয়া কর.

স. হে ঈশ্বর সদাত্মা, পিতা ও পুত্র হইতে নির্যায়ী, দীনহীন পাপী যে আমরা, আমাদের প্রতি দয়া কর.

পু. হে পুণ্য ধন্য ও মহিমান্বিত ত্রিত্ব, তিন ব্যক্তি ও এক ঈশ্বর, দীনহীন পাপী যে আমরা, আমাদের প্রতি দয়া কর.

স. হে পুণ্য ধন্য ও মহিমান্বিত ত্রিত্ব, তিন ব্যক্তি ও এক ঈশ্বর, দীনহীন পাপী যে আমরা, আমাদের প্রতি দয়া কর.

পু. হে প্রভো, তুমি আমাদের অপরাধ কিম্বা আমাদের পূর্ব্বপুরুষদের অপরাধ সমস্ত স্মরণ করিও না ও আমাদের পাপের প্রতিফল দিওনা; হে সৎপ্রভো, আমাদিগকে ক্ষমা কর, তুমি আপন লোক যাহাদিগকে আপন বহুমূল্য রক্ত দ্বারা উদ্ধার করিয়াছ তাহাদিগকে ক্ষমা কর ও আমাদের প্রতি নিরন্তর কুপিত হইও না.

স. হে সৎপ্রভো, আমাদিগকে ক্ষমা কর.

পু. সর্ব্বপ্রকার অনিষ্ট ও বিপদ; পাপ, আর শয়তানের বঞ্চনা ও আক্রমণ; তোমার কোপ ও অনন্ত দণ্ড হইতে,

স. হে সৎপ্রভো, আমাদিগকে রক্ষা কর.

পু. হৃদয়ের সকল অন্ধতা, গর্ব্ব বৃথাদর্প ও কাপট্য, ঈর্ষা ও দ্বেষ ও হিংসা এবং সকল প্রকার অপ্রীতি হইতে,

স. হে সৎপ্রভো, আমাদিগকে রক্ষা কর.

পু. ব্যভিচার ও অন্য সকল মারাত্মক পাপ, আর সংসার ও ইন্দ্রিয় ও শয়তানের সমস্ত বঞ্চনা হইতে,

স. হে সৎপ্রভো, আমাদিগকে রক্ষা কর.

পু. বিদ্যুৎ ও ঝড়, মরক মহামারী ও দুর্ভিক্ষ, যুদ্ধ ও বধ ও আচম্বিত মৃত্যু হইতে,

স. হে সৎপ্রভো, আমাদিগ্‌কে রক্ষা কর.

পু. সকল কলহ ও গুপ্ত কুমন্ত্রণা ও রাজদ্রোহ, আর সর্ব্বপ্রকার মিথ্যাউপদেশ ও পাষণ্ডতা ও ভেদ এবং হৃদয়ের কঠিনতা এবং তোমার বাক্য ও আজ্ঞার অবহেলন হইতে,

স. হে সৎপ্রভো, আমাদিগ্‌কে রক্ষা কর.

পু. তোমার পুণ্য দেহধারণের নিগূঢ়তা প্রযুক্ত, তোমার পুণ্য জন্মগ্রহণ ও ত্বক্‌ছেদ প্রযুক্ত, তোমার বাপ্তিস্ম উপবাস ও পরীক্ষা প্রযুক্ত,

স. হে সৎপ্রভো, আমাদিগ্‌কে রক্ষা কর.

পু. তোমার যন্ত্রণা ও রক্তময় ঘর্ম্ম প্রযুক্ত, তোমার ক্রুশ ও দুঃখভোগ প্রযুক্ত, তোমার বহুমূল্য মৃত্যু ও পোতন প্রযুক্ত, তোমার মহিমান্বিত পুনরুত্থান ও আরোহণ প্রযুক্ত, এবং সদাত্মার আগমন প্রযুক্ত,

স. হে সৎপ্রভো, আমাদিগ্‌কে রক্ষা কর.

পু. আমাদের সমস্ত বিপদ্‌কালে, আমাদের সমস্ত সম্পদ্ কালে, মৃত্যুসময়ে ও বিচারদিবসে,

স. হে সৎপ্রভো, আমাদিগ্‌কে রক্ষা কর.

পু. হে প্রভো ঈশ্বর, পাপী যে আমরা আমাদিগকে শ্রবণ করিতে তোমাকে বিনয় করিতেছি, তুমি প্রসন্ন হইয়া তোমার পুণ্য সার্ব্ব সভাকে সত্যপথে শাসন ও পালন কর.

স. হে সৎপ্রভো, আমাদিগকে শ্রবণ করিতে আমরা তোমাকে বিনয় করিতেছি.

পু. প্রসন্ন হইয়া, তোমার দাসী আমাদের অত্যন্ত অনুগ্রাহিণী রাণী ও শাসনকর্ত্রী বিক্টোরিয়াকে তোমার সত্য সেবায় ধর্ম্ম ও পুণ্যাচরণে রাখ, এবং দৃঢ় কর.

স. হে সৎপ্রভো, আমাদের বাক্য শ্রবণ করিতে আমরা তোমার নিকটে প্রার্থনা করিতেছি.

পু. প্রসন্ন হইয়া, তোমার বিশ্বাস ও ভয় ও প্রেমে তাঁহার হৃদয় শাসন কর এবং যেন তিনি তোমাতে সর্ব্বদা শ্রদ্ধা করেন ও সতত তোমার আদর ও মহিমা চেষ্টা করেন;

স. হে সৎপ্রভো, আমাদের বাক্য শ্রবণ করিতে আমরা তোমার নিকটে প্রার্থনা করিতেছি.

পু. প্রসন্ন হইয়া তাঁহার রক্ষক ও প্রতিপালক হও, আর তাঁহাকে সমস্ত শত্রুর উপর জয়ী কর;

স. হে সৎপ্রভো, আমাদের বাক্য শ্রবণ করিতে আমরা তোমার নিকটে প্রার্থনা করিতেছি.

পু. প্রসন্ন হইয়া, আদেলেদ বিধবা রাণী ও কুমার আলবর্ট ও ওএল্লদেশীয় কুমার আলবর্ট এবং সমস্ত রাজ পরিবারকে আশীর্ব্বাদ ও রক্ষা কর.

স. হে সৎপ্রভো, আমাদের বাক্য শ্রবণ করিতে আমরা তোমার নিকটে প্রার্থনা করিতেছি.

পু. প্রসন্ন হইয়া, বিশপ, পুরোহিত ও পরিচারক সমুদায়কে তোমার বাক্যের সত্যজ্ঞান ও অর্থবোধে দীপ্ত কর এবং তদনুসারে তাঁহারা যেন আপনাদের উপদেশ ও আচরণ উভয়দ্বারা তাহা প্রচার ও প্রকাশ করেন;

স. হে সৎপ্রভো, আমাদের বাক্য শ্রবণ করিতে আমরা তোমার নিকটে প্রার্থনা করিতেছি.

পু. প্রসন্ন হইয়া, রাজমন্ত্রিগণ ও কুলীনবর্গ সমুদায়কে প্রসাদ ও জ্ঞান ও বুদ্ধি পরিধান্ করাও.

স. হে সৎপ্রভো, আমাদের বাক্য শ্রবণ করিতে আমরা তোমার নিকটে প্রার্থনা করিতেছি.

পু. প্রসন্ন হইয়া, বিচারকর্ত্তৃগণকে আশীর্ব্বাদ করিয়া রাখ, এবং ন্যায় বিচার করিতে ও সত্যপালন করিতে তাহাদিগ্‌কে প্রসাদ দেও.

স. হে সৎপ্রভো, আমাদের বাক্য শ্রবণ করিতে আমরা তোমার নিকটে প্রার্থনা করিতেছি.

পু. প্রসন্ন হইয়া, তোমার লোক সমুদায়কে আশীর্ব্বাদ ও রক্ষা কর;

স. হে সৎপ্রভো, আমাদের বাক্য শ্রবণ করিতে আমরা তোমার নিকটে প্রার্থনা করিতেছি.

পু. প্রসন্ন হইয়া, সর্ব্বজাতিকে ঐক্য ও সন্ধি ও সংমিলন দেও;

স. হে সৎপ্রভো, আমাদের বাক্য শ্রবণ করিতে আমরা তোমার নিকটে প্রার্থনা করিতেছি.

পু. প্রসন্ন হইয়া, তোমাকে প্রেম ও ত্রাস করিতে, এবং তোমার আজ্ঞানুসারে যত্নপূর্ব্বক ব্যবহার করিতে, আমাদিগ্‌কে প্রবৃত্তি দেও;

স. হে সৎপ্রভো, আমাদের বাক্য শ্রবণ করিতে আমরা তোমার নিকটে প্রার্থনা করিতেছি.

পু. প্রসন্ন হইয়া, তোমার লোক সমুদায়ের প্রতি প্রসাদের বৃদ্ধি কর তাহাতে যেন তাহারা নম্রতাপূর্ব্বক তোমার বাক্য শুনে এবং নির্ম্মল প্রেমেতে তাহা গ্রহণ করে ও সদাত্মার ফল উৎপন্ন করে;

স. হে সৎপ্রভো, আমাদের বাক্য শ্রবণ করিতে আমরা তোমার নিকটে প্রার্থনা করিতেছি.

পু. প্রসন্ন হইয়া, ভ্রান্ত ও প্রবঞ্চিত সকলকে সত্যতার পথে আনয়ন কর;

স. হে সৎপ্রভো, আমাদের বাক্য শ্রবণ করিতে আমরা তোমার নিকটে প্রার্থনা করিতেছি.

পু. প্রসন্ন হইয়া, দণ্ডায়মান সকলকে দৃঢ় কর, ক্ষীণ-চিত্তদিগকে সান্ত্বনা ও উপকার কর, পতিতদিগকে উঠাও; এবং অবশেষে শয়তানকে আমাদের পদতলে মর্দ্দন কর;

স. হে সৎপ্রভো, আমাদের বাক্য শ্রবণ করিতে আমরা তোমার নিকটে প্রার্থনা করিতেছি.

পু. প্রসন্ন হইয়া, যাহারা বিপদ্ অনাটন ও ক্লেশেতে আছে তাহাদের সকলকে আনুকূল্য উপকার ও সান্ত্বনা কর;

স. হে সৎপ্রভো, আমাদের বাক্য শ্রবণ করিতে আমরা তোমার নিকটে প্রার্থনা করিতেছি.

পু. প্রসন্ন হইয়া, স্থলে বা জলে যাত্রাকারি গর্ব্ভিণী স্ত্রীলোক রোগী ও শিশু সকলকে রক্ষা কর, অথচ কারাবদ্ধ ও শত্রুগ্রস্ত সকলের প্রতি আপন দয়া প্রকাশ কর;

স হে সৎপ্রভো, আমাদের বাক্য শ্রবণ করিতে আমরা তোমার নিকটে প্রার্থনা করিতেছি.

প্র. প্রসন্ন হইয়া, পিতৃহীন সন্তান ও বিধবা এবং অনাশ্রয় ও উপদ্রুত সকলকে রক্ষা ও প্রতিপালন কর;

স. হে সৎপ্রভো, আমাদের বাক্য শ্রবণ করিতে আমরা তোমার নিকটে প্রার্থনা করিতেছি.

প্র. প্রসন্ন হইয়া, সকল মনুষ্যের প্রতি দয়া কর;

স. হে সৎপ্রভো, আমাদের বাক্য শ্রবণ করিতে আমরা তোমার নিকটে প্রার্থনা করিতেছি.

প্র. প্রসন্ন হইয়া, আমাদের শত্রুগণ, তাড়নাকারি ও নিন্দাকারিদিগ্‌কে ক্ষমা কর, এবং তাহাদের অন্তঃকরণ পরিবর্ত্ত কর;

স. হে সৎপ্রভো, আমাদের বাক্য শ্রবণ করিতে আমরা তোমার নিকটে প্রার্থনা করিতেছি.

প্র. প্রসন্ন হইয়া, আমাদের আহারার্থে ভূমির সুশস্য প্রদান ও রক্ষা কর, যেন আমরা উচিতকালে তাহা ভোগ করি;

স. হে সৎপ্রভো, আমাদের বাক্য শ্রবণ করিতে আমরা তোমার নিকটে প্রার্থনা করিতেছি.

প্র. প্রসন্ন হইয়া, আমাদিগ্‌কে সত্য অনুতাপ প্রদান কর, আমাদের পাপ ত্রুটি ও অবিদ্যা সকল ক্ষমা কর এবং তোমার পুণ্য বাক্যানুসারে আমাদের আচরণ শুদ্ধ করিতে তোমার সদাত্মার প্রসাদে আমাদিগ্‌কে সমন্বিত কর;

স. হে সৎপ্রভো, আমাদের বাক্য শ্রবণ করিতে আমরা তোমার নিকটে প্রার্থনা করিতেছি.

পু. হে ঈশ্বরের পুত্র, আমাদিগকে শ্রবণ করিতে আমরা তোমাকে বিনয় করিতেছি.

স. হে ঈশ্বরের পুত্র, আমাদিগকে শ্রবণ করিতে আমরা তোমাকে বিনয় করিতেছি.

পু. হে ঈশ্বরের মেষ শাবক জগতের পাপহারক,

স. আমাদিগকে আপন শান্তি দেও.

পু. হে ঈশ্বরের মেষ শাবক জগতের পাপহারক.

স. আমাদের প্রতি দয়া কর.

পু. হে খ্রীষ্ট, আমাদিগকে শ্রবণ কর.

স. হে খ্রীষ্ট, আমাদিগকে শ্রবণ কর.

পু. হে প্রভো, আমাদের প্রতি দয়া কর.

স. হে প্রভো, আমাদের প্রতি দয়া কর.

পু. হে খ্রীষ্ট, আমাদের প্রতি দয়া কর.

স. হে খ্রীষ্ট, আমাদের প্রতি দয়া কর.

পু. হে প্রভো, আমাদের প্রতি দয়া কর.

স. হে প্রভো, আমাদের প্রতি দয়া কর.

¶ পরে পুরোহিত ও লোক সকল প্রভুর প্রার্থনা কহিবে.

হে আমাদের স্বর্গস্থ পিতঃ, তোমার নাম পুণ্যীকৃত হউক; তোমার রাজ্য আইসুক; তোমার ইচ্ছা স্বর্গেতে যেমন তেমনি পৃথিবী মধ্যেও হউক: আমাদের দিবসিক

রুটী এই দিবসে আমাদিগকে দেও ; এবং আমরা যেমন নিজ অপরাধিদিগকে ক্ষমা করিতেছি ; তেমনি আমাদেরও অপরাধ সকল ক্ষমা কর ; আর আমাদিগকে পরীক্ষায় আনিও না ; কিন্তু মন্দ হইতে রক্ষা কর ; যেহেতু তোমারই রাজ্য ও পরাক্রম ও মহিমা সদা সর্ব্বদা আছে. আমেন্.

পু. হে প্রভো, আমাদের পাপানুসারে আমাদের প্রতি ব্যবহার করিও না ;

স.. এবং আমাদের অধর্ম্মানুসারে আমাদিগকে প্রতি-ফল দিও না.

পু. আমরা প্রার্থনা করি.

হে ঈশ্বর দয়ালু পিতঃ, তুমি ক্ষুণ্ণ চিত্তের দীর্ঘনিশ্বাস ও শোকার্ত্ত লোকের অভিলাষ অবহেলন কর না. অতএব কোন সময়ে আমাদের উপর দুঃখ ও বিপদের ভার পড়িলে তোমার নিকট যে প্রার্থনা করি তাহাতে তুমি দয়া পূর্ব্বক সহকারী হও. আর প্রসাদ পূর্ব্বক আমাদিগকে শ্রবণ কর, শয়তান কিম্বা মনুষ্যের প্রবঞ্চনা ও চাতুরী আমাদের বিরুদ্ধে যে অমঙ্গল চেষ্টাকরে তাহা যেন নিরর্থক হয়, ও তোমার দয়ার বিধানে খণ্ডিত হয় ; তাহাতে যেন তোমার সেবক আমরা কোন তাড়না দ্বারা ব্যথিত না হইয়া তোমার পুণ্য সভাতে তোমাকে ধন্যবাদ সর্ব্বদা দিই আমাদের প্রভু য়ীশু খ্রীষ্টের নিমিত্তে ইহা হউক.

স. হে প্রভো, উঠ ও তোমার নামার্থে আমাদিগকে আনুকূল্য ও রক্ষা কর.

হে ঈশ্বর, গৌরবান্বিত যে যে কর্ম্ম তুমি আমাদের পিতৃগণের সময়ে এবং তাঁহাদের পূর্ব্বে প্রাচীনকালে করিয়াছিলা তাহা আমরা স্বকর্ণে শুনিয়াছি, এবং তাঁহারাও আমাদের প্রতি প্রকাশ করিয়াছেন.

স. হে প্রভো, উঠ ও তোমার সম্ভ্রমার্থে আমাদিগকে আনুকূল্য ও রক্ষা কর.

পিতা ও পুত্র ও সদাত্মার মহিমা হউক ;

পূর্ব্বে যেমন ছিল, এখনও আছে, এবং অনন্ত কাল পর্য্যন্ত সদা হইবে. আমেন্.

হে খ্রীষ্ট, আমাদের শত্রুগণ হইতে আমাদিগকে রক্ষা কর.

স. অনুগ্রহপূর্ব্বক আমাদের দুঃখ অবলোকন কর.

করুণাপূর্ব্বক আমাদের মনের ক্লেশ নিরীক্ষণ কর.

স. কৃপাকরিয়া দয়াপূর্ব্বক তোমার লোকের পাপক্ষমা কর.

অনুগ্রহ ও দয়া পূর্ব্বক আমাদের প্রার্থনা শ্রবণ কর.

স. হে দাবিদের পুত্র, আমাদের প্রতি দয়া কর.

হে খ্রীষ্ট প্রসন্ন হইয়া এক্ষণে এবং সর্ব্বক্ষণে আমাদিগকে শ্রবণ কর.

স. হে খ্রীষ্ট অনুগ্রহপূর্ব্বক আমাদিগকে শ্রবণ কর.

হে প্রভো খ্রীষ্ট, অনুগ্রহপূর্ব্বক আমাদিগকে শ্রবণ কর.

হে প্রভো, আমাদের প্রতি তোমার দয়া প্রকাশিত হউক.

স. যেমন আমরা তোমাতে ভরসা রাখি.

আমরা প্রার্থনা করি.

হে পিতঃ আমরা তোমাকে বিনয়ে নিবেদন করি দয়া-পূর্ব্বক আমাদের দৌর্ব্বল্য অবলোকন কর, আমরা অতি যথার্থরূপে যে সকল অমঙ্গলের যোগ্য পাত্র হইয়াছি তাহাই তোমার নামের মহিমার্থে আমাদের হইতে দূর কর আর প্রদান কর যে আমাদের সকল বিপদ কালে আমরা তোমার দয়াতে সম্পূর্ণ বিশ্বাস ও ভরসা রাখি এবং তোমার আদর ও মহিমার নিমিত্তে পুণ্য ও নির্ম্মল আচরণে তোমাকে সর্ব্বদা সেবা করি আমাদের অদ্বিতীয় মধ্যস্থ ও প্রতিনিধি আমাদের প্রভু য়ীশু খ্রীষ্ট দ্বারা ইহা হউক.

সাধু খ্রুসস্তমের প্রার্থনা.

হে সর্ব্বশক্তিমান ঈশ্বর, তুমি এই সময় এক মনে তোমার নিকটে আমাদের সাধারণ প্রার্থনা করিতে আমাদিগকে প্রসাদ প্রদান করিয়াছ, আর তোমার প্রতিজ্ঞা এই যে দুই তিন জন তোমার নাম করিয়া একত্র হইলে তুমি উহাদের যাচনীয় প্রদান করিবা, অতএব হে প্রভো, এইক্ষণে তোমার দাসগণের বাসনা ও যাচ্ঞা সকল তাহাদের যোগ্যানুসারে পূর্ণ করত ইহলোকে তোমার তত্ত্বজ্ঞান ও পরলোকে অনন্তজীবন আমাদিগকে প্রদান কর. আমেন্.

করিন্থীয়দের প্রতি পৌলের দ্বিতীয় পত্র. ১৩. ১৪.

আমাদের প্রভু য়ীশু খ্রীষ্টের প্রসাদ ও ঈশ্বরের প্রেম ও সদাত্মার সংমিলন আমাসকলের সহিত নিরন্তর হউক. আমেন্.

লিটানিয়া সমাপ্ত.

সাধারণ প্রার্থনা.

¶ যে সময়ে লিটানিয়া পাঠ করিবার নিয়ম নাই, সেই কালে মনুষ্যদের সকল অবস্থার জন্যে এই প্রার্থনা ব্যবহার্য্য.

হে ঈশ্বর, সমস্ত মনুষ্যজাতির সৃষ্টি ও পালন কর্ত্তা, আমরা তোমাকে সকল প্রকার ও সকল অবস্থার মনুষ্যদের জন্যে বিনয় পূর্ব্বক নিবেদন করি যে তুমি প্রসন্ন হইয়া তাহাদিগকে তোমার পথ, সর্ব্বদেশীয় লোকদিগকে তোমার ত্রাণোপায় জ্ঞাতকরাও. বিশেষতঃ সার্ব্ব সভার শুভদশার নিমিত্তে আমরা প্রার্থনা করি ; যেন তাহা তোমার সদাত্মা দ্বারা এমন উপদিষ্টা ও শাসিতা হয়, যে যাহারা আপনাকে খ্রীষ্টীয় বলিয়া স্বীকার করে তাহারা সকলে সত্যতার পথে আনীত হয় আর আত্মার ঐক্যে ও শান্তির বন্ধনে ও ধর্ম্মাচরণে বিশ্বাস ধারণ করে. শেষে মনে, শরীরে অথবা সম্পত্তিতে কোন প্রকারে সকল আপদগ্রস্ত কিম্বা দুঃখিত লোকদিগকে [* বিশেষতঃ যাঁহাদের কারণে আমাদের প্রার্থনা যাচিত হইয়াছে তাহাদিগকে.] তোমার পিতৃরূপ দয়াতে আমরা সমর্পণ করি যেন তুমি প্রসন্ন হইয়া তাহাদের দুঃখভোগে সহিষ্ণুতা ও সকল ক্লেশ হইতে সুখময় মুক্তি দান করত তাহাদিগকে আপন আপন প্রয়োজনানুসারে সান্ত্বনা ও উপকার কর এবং ইহা যীশু খ্রীষ্টের জন্যে আমরা নিবেদন করি. আমেন্.

* কেহ সভার প্রার্থনা যাচ্ঞা করিলে ইহা বলা যাইবে.

সাধারণ ধন্যবাদ.

হে সর্ব্বশক্তিমান ও সর্ব্বদয়াময় পিতঃ ঈশ্বর, আমাদের ও সকল মনুয্যের প্রতি [* এবং বিশেষতঃ যাহারা অল্পকালপূর্ব্বে তোমার দত্ত দয়ার প্রাপ্তির কারণ এখন প্রশংসা ও ধন্য-বাদ করিতে বাঞ্ছা করে তাহাদের ও প্রতি] তোমার তাবৎ অনুগ্রহ ও স্নেহ প্রযুক্ত তোমার অযোগ্য ভৃত্য আমরা অতিবিনয় ও সরল মনে তোমাকে ধন্যবাদ দিতেছি. আমাদের সৃষ্টি পালন ও ঐহিক সমস্ত আশীর্ব্বাদ কারণ, কিন্তু সর্ব্বাপেক্ষা আমাদের প্রভু যীশু খ্রীষ্ট দ্বারা জগতের ত্রাণে তোমার অমূল্য স্নেহের কারণ, প্রসাদের উপায় ও গৌরব প্রাপ্তির আশার কারণ, তোমার প্রশংসা করিতেছি. আর ও নিবেদন করি তোমার সকল দয়ার এমত উচিত জ্ঞান আমাদিগকে দেও যে আমাদের অন্তঃকরণ নিষ্কপট-রূপে কৃতজ্ঞ হয় আর কেবল ওষ্ঠে নহে, কিন্তু তোমার সেবায় আপনাদিগকে সমর্পণ করত’এবং পুণ্য ও ধর্ম্মা-চরণে তোমার সাক্ষাৎ যাবজ্জীবন গতি করত, ব্যবহারে ও তোমার প্রশংসা প্রকাশ করি আমাদের প্রভু যীশু খ্রীষ্টের দ্বারা ইহা কর; তাঁহার ও তোমার ও সদাত্মার সমুদায় সম্মান ও গৌরব নিরন্তর হউক. আমেন.

* কাহারো কারণে প্রার্থনা করা গেলে সে স্তুতি করিতে ইচ্ছা করিলে ইহা কহা যাইবে.

সংবৎসর ব্যবহার্য্য

সাধারণ প্রার্থনা লিপি

ও

সুসমাচার।

¶ অবধান কর, যে প্রতি রবিবার, এবং যাহার পূর্ব্বে জাগরণ, কিম্বা সংযম থাকে, এমত কোন পর্ব্বের নিমিত্তে যে সাধারণ প্রার্থনা নিয়মিত আছে, তাহা পূর্ব্ব সন্ধ্যা কালীন সেবাতে পাঠ করা যাইবে.

আগমনের প্রথম রবিবার।

সাধারণ প্রার্থনা.

হে সর্ব্বশক্তিমান্ ঈশ্বর, এখন যে মর্ত্ত্য জীবনের কালে তোমার পুত্র যীশু খ্রীষ্ট, অতি নম্রতায় আমাদিগকে দেখিতে আইলেন, ইহাতে অন্ধকারের ক্রিয়া নিঃক্ষেপ করিতে ও দীপ্তির সজ্জা পরিধান করিতে আমাদিগকে প্রসাদ প্রদান কর; তাহাতে তিনি শেষ দিবসে জীবিত ও মৃতদের বিচার করিতে আপন তেজোময় মহিমাতে পুনরায় আইলে আমরা যেন অমর্ত্ত্য জীবনে উত্থিত হই, তাঁহা দ্বারা, যিনি এখন ও নিরন্তর, তোমার আর সদাত্মার সহিত জীবিত থাকেন, ও রাজত্ব করেন. আমেন্.

আগমনের তৃতীয় রবিবার.

¶ খ্রীষ্টজন্ম পর্ব্বের সংযমকাল পর্য্যন্ত এই সাধারণ প্রার্থনা, আগমন সময়ের অন্য২ সাধারণ প্রার্থনার সহিত, প্রতিদিন পাঠ করা যাইবে.

লিপি. রোমীয় সভার পুতি. ১৩. ৮.

সুসমাচার. মথায়. ২১. ১.

আগমনের দ্বিতীয় রবিবার।

সাধারণ প্রার্থনা.

হে ধন্য পুভো, তুমি আমাদের উপদেশার্থে ধর্ম্মশাস্ত্র সকল রচনা করাইয়াছ; অতএব পুদান কর যেন আমরা তাহা এমত শুবণ, পাঠ, ধ্যান, শিক্ষা, ও অন্তরে পরিপাক করি, যে তোমার পুণ্য বাক্যের সহিষ্ণুতা, ও সান্ত্বনা দ্বারা আমরা অনন্ত জীবনের ধন্য আশা যাহা তুমি আমাদের ত্রাণকর্ত্তা যীশু খ্রীষ্টে আমাদিগকে দিয়াছ, তাহা অবলম্বন করি ও সতত দৃঢ়রূপে ধারণ করি. আমেন্.

লিপি. রোমীয় সভার পুতি. ১৫. ৪.

সুসমাচার. লূক. ২১. ২৫.

আগমনের তৃতীয় রবিবার।

সাধারণ প্রার্থনা.

হে পুভো যীশু খ্রীষ্ট, তোমার পুথম আগমনে তোমার অগ্রে পথ পুস্তুত করিতে তুমি আপন দূতকে প্রেরণ করিয়া-

ছিলা, অতএব প্রদান কর যে তোমার নিগূঢ় বিষয়ের পরিচারক ও ভাণ্ডারি অবাধ্যদের অন্তঃকরণ ধার্ম্মিকদের মতে পরিবর্ত্তন দ্বারা তোমার পথ এমন প্রস্তুত ও আয়োজন করে, যে জগৎবিচারার্থে তোমার দ্বিতীয় আগমনে তোমার দৃষ্টিতে আমরা গ্রাহ্য বর্গ হই, তুমি যে পিতা ও সদাত্মার সহিত এক ঈশ্বর হইয়া অনন্তকাল পর্য্যন্ত জীবত থাক ও রাজত্ব কর. আমেন্.

লিপি. ১ করিন্থীয় সভার প্রতি. ৪. ১.

সুসমাচার. মথায়. ১১. ২.

আগমনের চতুর্থ রবিবার.

সাধারণ প্রার্থনা.

হে প্রভো আমরা প্রার্থনা করিতেছি তুমি আপন শক্তি উঠাও ও আমাদের মধ্যে আইস ও মহাবল দ্বারা আমাদের আনুকূল্য কর, যেন আমাদের অগ্রে স্থাপিত পথ ধাবনে আমরা পাপ ও দুষ্টতা প্রযুক্ত অতিশয় নিরুদ্ধ ও বাধিত হওয়াতে তোমার প্রচুর প্রসাদ ও দয়া আমাদিগকে শীঘ্র উপকার ও রক্ষা করে তোমার পুত্র আমাদের প্রভুর প্রায়শ্চিত্তের নিমিত্তে ইহা কর, তাঁহার ও তোমার ও সদাত্মার অনন্ত কাল পর্য্যন্ত সম্মান ও মহিমা হউক. আমেন্.

লিপি. ফিলিপীয় সভার প্রতি. ৪. ৪.

সুসমাচার. যোহন. ১. ১৯.

আমাদের প্রভুর জন্ম অর্থাৎ খ্রীষ্টের জন্মদিন যাহা খ্রীষ্টমস্‌বলিয়া বিখ্যাত.

সাধারণ প্রার্থনা.

হে সর্ব্বশক্তিমান ঈশ্বর, তুমি আপন একমাত্রজাত পুত্রকে আমাদের স্বভাব ধারণ করিতে, ও নির্ম্মল কুমারী হইতে এইকালে জন্মিতে আমাদিগকে দিয়াছ, অতএব প্রদান কর যে আমরা পুনর্জ্জাত হইয়া এবং পোষ্যতা ও প্রসাদদ্বারা তোমার সন্তান হইয়া, তোমার সদাত্মার দ্বারা দিনে ২ নূতনীকৃত হই; আমাদের ঐ প্রভু য়ীশু খ্রীষ্ট দ্বারা, যিনি তোমার ও ঐ আত্মার সহিত সর্ব্বদা এক ঈশ্বর হইয়া অনন্তকাল পর্য্যন্ত জীবিত থাকেন ও রাজত্ব করেন. আমেন্.

লিপি. ইব্রীয়দের প্রতি. ১. ১.

সুসমাচার. যোহন. ১. ১.

সাধুস্তেফানের দিন

সাধারণ প্রার্থনা.

হে প্রভো এই পৃথিবীর উপর তোমার সত্যতার প্রমাণার্থে আমাদের সকল দুঃখে স্বর্গের প্রতি স্থির দৃষ্টি করিয়া আবির্ভাবি মহিমা যেন বিশ্বাস দ্বারা অবলোকন করি, হে ধন্য য়ীশু, তোমার কারণ দুঃখ ভোগকারিদের আনুকূল্য করণার্থে আমাদের অদ্বিতীয় মধ্যস্থ ও প্রতিনিধি

হইয়া পিতার দক্ষিণ পার্শ্বে তুমি বসিয়া আছ, তোমার স্থানে প্রথম সাক্ষী সাধু স্তেফান আপন বধকারিদের কারণ প্রার্থনা করিয়াছিলেন, আমরা সদাত্মায় পূর্ণ হইয়া, তাহার দৃষ্টান্তানুসারে আপনাদের তাড়নাকারিদিগকে প্রেম, ও আশীর্ব্বাদ দিতে যেন শিক্ষিত হই, ইহা প্রদান কর. আমেন্.

¶ ইহার পর খ্রীষ্টের জন্মের সাধারণ প্রার্থনা পাঠ করা যাইবে, এবং পরিচ্ছেদপর্ব্বের পূর্ব্বসন্ধ্যাপর্য্যন্ত তাহা পঠিত হইবে.

লিপি স্থলে. প্রেরিতদিগের ক্রিয়া. ৭. ৫৫.

সুসমাচার. মথায়. ২৩. ৩৪.

সুসমাচার রচক সাধু যোহনের পর্ব্ব.

সাধারণ প্রার্থনা.

হে দয়াবান প্রভো আপন সভার উপর তোমার দীপ্তির তেজোময় কিরণ ক্ষেপণ কর, তাহাতে সে, তোমার ধন্য প্রেরিত ও সুসমাচার রচক সাধু যোহনের শিক্ষাদ্বারা দীপ্তি বিশিষ্ট হইয়া, তোমার সত্যতার দীপ্তিতে এমত গতি করে, যে শেষে অনন্ত জীবনের দীপ্তি প্রাপ্ত হয়, আমাদের প্রভু যীশু খ্রীষ্টের দ্বারা. আমেন্.

লিপি. ১ যোহন. ১. ১.

সুসমাচার. যোহন. ২১. ১৯.

অনঘশিশু বধ পর্ব্ব.

সাধারণ প্রার্থনা.

হে সর্ব্বশক্তিমান ঈশ্বর, তুমি শিশু ও স্তনপোষ্য-বালকদের মুখ হইতে বল নিরূপণ করিয়াছ, এবং দুগ্ধ-পোষ্যবালকদের মরণদ্বারা আপন গৌরব প্রকাশ করিয়াছ; অতএব আমাদের অন্তরস্থ পাপ সকল ধ্বংস ও বিনাশ কর, এবং আপন প্রসাদদ্বারা আমাদিগকে এমন শক্তি বিশিষ্ট কর, যেন আপনাদের নির্দোষ আচরণ, আর মরণ পর্য্যন্তও স্থির বিশ্বাসদ্বারা, আমরা তোমার পুণ্য নামের গৌরব করি; আমাদের প্রভু য়ীশু খ্রীষ্টের দ্বারা. আমেন্.

লিপি স্থলে. যোহনের প্রকাশ. ১৪. ১.

সুসমাচার. মথায়. ২. ১৩.

খ্রীষ্টের জন্ম পর্ব্বের পর রবিবার.

সাধারণ প্রার্থনা.

হে সর্ব্বশক্তিমান ঈশ্বর তুমি আমাদের স্বভাব ধারণ করিতে, ও এক নির্ম্মল কুমারী হইতে এই কালে জন্মিতে, আপন অদ্বিতীয় জাত পুত্রকে আমাদিগকে প্রদান করিয়াছ; অতএব প্রদান কর যে আমরা পুনর্জাত হইয়া, এবং পোষ্য পুত্রত্ব ও প্রসাদ দ্বারা তোমার সন্তান হইয়া, তোমার সদাত্মার দ্বারা দিনে ২ নূতনীকৃত হই; তোমার ও সদাত্মার সঙ্গে এক

ঈশ্বর হইয়া নিরন্তর জীবিত আছেন, এবং রাজত্ব করিতেছেন, যে আমাদের প্রভু যীশু খ্রীষ্ট, তাঁহার নিমিত্তে. আমেন্.

লিপি. গালাতীয়দের প্রতি. ৪. ১.

সুসমাচার. মথায়. ১. ১৮.

খ্রীষ্টপরিচ্ছেদ পর্ব্ব.

সাধারণ প্রার্থনা.

হে সর্ব্বশক্তিমান ঈশ্বর, তুমি মনুষ্যের নিমিত্তে আপন ধন্য পুত্রকে পরিছিন্ন ও ব্যবস্থার অধীন করিয়াছ; অতএব আমাদিগকে আত্মার প্রকৃত পরিচ্ছেদ প্রদান কর; যেন আমাদের হৃদয়, ও সকল অঙ্গ, সাংসারিক ও শারীরিক সকল অভিলাষ হইতে দমিত হইলে, আমরা তোমার পুণ্য ইচ্ছা সকল বিষয়ে পালন করি; তোমার সেই পুত্র আমাদের প্রভু যীশু খ্রীষ্টের দ্বারা. আমেন্.

লিপি. রোমীয়দের প্রতি. ৪. ৮.

সুসমাচার. লূক. ২. ১৫.

¶ এপিফনি পর্য্যন্ত, এই সাধারণ প্রার্থনা, লিপি, ও সুসমাচার প্রতিদিন ব্যবহার্য্য.

এপিফনি অর্থাৎ অন্যজাতিদের প্রতি খ্রীষ্টের প্রকাশ.

সাধারণ প্রার্থনা.

হে ঈশ্বর, তুমি এক নক্ষত্রের অগ্রসরণ দ্বারা, আপন একমাত্র জাত পুত্রকে অন্যজাতিদের প্রতি প্রকাশ করিলা, অতএব দয়াপূর্ব্বক প্রদান কর যেন প্রত্যয় দ্বারা এখন তোমাকে জানি যে আমরা আমাদের এই জীবনের পর তোমার গৌরবান্বিত ঈশ্বরত্বের ভোগ প্রাপ্তি হয় আমাদের প্রভু যীশু খ্রীষ্টের দ্বারা ইহা প্রদান কর. আমেন্.

লিপি. ইফিসীয়দের প্রতি. ৩. ১.

সুসমাচার. মথায়. ২. ১.

এপিফনির পর প্রথম রবিবার.

সাধারণ প্রার্থনা.

হে পরমপ্রভো, তোমার যাচক লোকের প্রার্থনা দয়াপূর্ব্বক গ্রহণ করিতে আমরা তোমাকে নিবেদন করি; এবং প্রদান কর যে তাহারা আপন কর্ত্তব্য কর্ম্ম বুঝে ও জানে আর তাহা সত্যরূপে পালন করিতেও প্রসাদ ও শক্তি প্রাপ্ত হয়, আমাদের প্রভু যীশু খ্রীষ্টের দ্বারা. আমেন্.

লিপি. রোমীয়দের প্রতি. ১২. ১.

সুসমাচার. লূক. ২. ৪১.

এপিফনির পর দ্বিতীয় রবিবার.

সাধারণ প্রার্থনা.

হে সর্ব্বশক্তিমান ও নিত্যজীবী ঈশ্বর, স্বর্গ ও ভূমণ্ডলস্থ সকলের শাসনকর্ত্তা, তোমার লোকের যাচ্ঞা দয়াপূর্ব্বক শ্রবণ কর, এবং আমাদিগকে যাবজ্জীবন তোমার শান্তি প্রদান কর, আমাদের প্রভু যীশু খ্রীষ্টের দ্বারা. আমেন্.

লিপি. রোমীয়দের প্রতি. ১২.৬.

সুসমাচার. যোহন. ২. ১.

এপিফনির পর তৃতীয় রবিবার.

সাধারণ প্রার্থনা.

হে সর্ব্বশক্তিমান ও নিত্যজীবী ঈশ্বর, দয়াপূর্ব্বক আমাদের দৌর্ব্বল্যের প্রতি অবলোকন কর, এবং আমাদের তাবৎ শঙ্কট ও দুর্দ্দশায় আমাদিগকে উপকার ও রক্ষা করিতে আপন দক্ষিণ হস্ত বিস্তার কর, আমাদের প্রভু যীশু খ্রীষ্টের দ্বারা. আমেন্.

লিপি. রোমীয়দের প্রতি. ১২. ১৬.

সুসমাচার. মথায়. ৮. ১.

এপিফনির পর চতুর্থ রবিবার.

সাধারণ প্রার্থনা.

হে ঈশ্বর তুমি জান যে আমরা এমত প্রচুর ও বৃহৎ শঙ্কটে অবস্থিত আছি যে আমাদের স্বভাবের দুর্ব্বলতা প্রযুক্ত সর্ব্বদা সরল হইয়া দাঁড়াইতে পারি না; অতএব আমাদিগকে এমন শক্তি ও আশ্রয় দেও যাহাতে আমরা সকল বিপদে রক্ষিত ও সকল পরীক্ষাতে উত্তীর্ণ হই, আমাদের প্রভু যীশু খ্রীষ্টের দ্বারা. আমেন্.

লিপি. রোমীয়দের প্রতি. ১৩. ১.

সুসমাচার. মথায়. ৮. ২৩.

এপিফনির পর পঞ্চম রবিবার.

সাধারণ প্রার্থনা.

হে প্রভো আমরা তোমাকে নিবেদন করি তোমার সভা ও পরিবারকে আপন সত্য ধর্ম্মে সর্ব্বদা রাখ তাহাতে যাহারা কেবল তোমার স্বর্গীয় প্রসাদের আশা অবলম্বন করে, তাহারা যেন তোমার মহা শক্তিদ্বারা নিরন্তর রক্ষা পায়; আমাদের প্রভু যীশু খ্রীষ্টের দ্বারা. আমেন্.

লিপি. কলসীয়দের প্রতি. ৩. ১২.

সুসমাচার. মথায়. ১৩. ২৪.

এপিফনির পর ষষ্ঠ রবিবার.

সাধারণ প্রার্থনা.

হে ঈশ্বর শয়তানের ক্রিয়া নাশার্থে ও আমাদিগকে ঈশ্বরের সন্তান এবং অনন্ত জীবনের উত্তরাধিকারী করিতে তোমার ধন্য পুত্র প্রকাশিত হইলেন; অতএব আমরা তোমাকে বিনয় করিতেছি আমাদিগকে প্রদান কর, যে ঐ প্রত্যাশাপন্ন আমরা আপনাদিগকে তেমনি শুদ্ধ করি যেমন তিনি শুদ্ধ আছেন যেন তিনি পরাক্রম ও মহা মহিমার সহিত পুনর্ব্বার প্রত্যক্ষ হইলে, আমরা তাঁহার অনন্ত ও মহিমান্বিত রাজ্যে তাঁহার সদৃশীকৃত হই যেখানে হে পিতঃ তোমার সহিত, এবং হে সদাত্মা তোমার সহিত, তিনি এক ঈশ্বর হইয়া অনন্তকাল পর্য্যন্ত জীবিত আছেন ও রাজত্ব করিতেছেন. আমেন্.

লিপি. ১ যোহন. ৩. ১.

সুসমাচার. মথায়. ২৪. ২৩.

সেপ্টুএজেসিমা নামক রবিবার, অর্থাৎ মহোপবাসের পূর্ব্ব তৃতীয় রবিবার.

সাধারণ প্রার্থনা.

হে প্রভো আমরা তোমাকে বিনয় করি আপন লোকের প্রার্থনা অনুগ্রহপূর্ব্বক শ্রবণ কর; তাহাতে আপনাদের পাপ হেতু যথা যোগ্যদণ্ড প্রাপ্ত হইতেছি যে আমরা আমাদের যেন তোমার নামের গৌরবার্থে তোমার দয়া ও প্রসন্নতা

দ্বারা উদ্ধার হয় আমাদের ত্রাণকর্ত্তা যীশু খ্রীষ্টের দ্বারা, যিনি তোমার ও সদাত্মার সঙ্গে এক ঈশ্বর হইয়া নিরন্তর জীবিত আছেন ও রাজত্ব করিতেছেন. আমেন্.

লিপি. ১ করিন্থীয়. ৯. ২৪.

সুসমাচার. মথায়. ২০. ১.

সেক্সেজেসিমা নামক রবিবার, অর্থাৎ মহোপবাসের পূর্ব্ব দ্বিতীয় রবিবার.

সাধারণ প্রার্থনা.

হে প্রভো ঈশ্বর, তুমি দেখিতেছ যে আমরা আপনাদের কোন কার্য্যে ভরসা রাখি না অতএব দয়াপূর্ব্বক প্রদান কর যেন আমরা সকল বিপদ হইতে তোমার শক্তিতে রক্ষিত হই, আমাদের প্রভু যীশু খ্রীষ্টের দ্বারা. আমেন্.

লিপি. ২ করিন্থীয়. ১১. ১৯.

সুসমাচার. লূক. ৮. ৪.

ক্বিন্‌ক্বেজেসিমা নামক রবিবার, অর্থাৎ মহোপবাসের পূর্ব্ব রবিবার.

সাধারণ প্রার্থনা.

হে প্রভো, তুমি আমাদিগকে শিক্ষাইয়াছ যে আমাদের প্রেমরহিত কার্য্য সকল নিরর্থক; অতএব আপন সদাত্মা

প্রেরণ কর ও শান্তি ও তাবৎ সদ্গুণের বন্ধনী যে অত্যুৎকৃষ্ট প্রেমদান ও যাহা ব্যতিরিক্ত যে কেহ জীবিত থাকে সে তোমার গোচরে মৃতরূপে গণিত হয়, তাহা আমাদের হৃদয়ে বর্ষণ কর; আপন অদ্বিতীয় পুত্র যীশু খ্রীষ্টের নিমিত্তে ইহা প্রদান কর. আমেন্.

লিপি. ১ করিন্থীয়. ১৩. ১.

সুসমাচার. লূক. ১৮. ৩১.

মহোপবাসের প্রথম দিন, সাধারণরূপে কথিত ভস্ম বুধবার.

সাধারণ প্রার্থনা.

হে সর্ব্বশক্তিমান ও আদি অন্ত রহিত ঈশ্বর, তুমি আপন সৃষ্ট বস্তু কিছুই ঘৃণা কর না, ও অনুতাপি সকলের পাপ ক্ষমা করিতেছ; অতএব আমাদের অন্তরে নূতন ও অনুতাপি হৃদয় সৃজন ও নির্ম্মাণ কর, তাহাতে আমরা আপনাদের পাপ নিমিত্তে যথোচিত বিলাপ করিয়া ও নিজ অধমতা স্বীকার করিয়া সর্ব্ব দয়ার ঈশ্বর যে তুমি তোমা হইতে সম্পূর্ণ মোচন ও ক্ষমা প্রাপ্ত হই; আমাদের প্রভু যীশু খ্রীষ্টের দ্বারা. আমেন্.

¶ এই সাধারণ প্রার্থনা মহোপবাস সময়ে, দিবসের নিয়মিত প্রার্থনার পর, প্রত্যহ পঠিত হইবে.

লিপি স্থলে. যোএল. ২. ১২.

সুসমাচার. মথায় ৬. ১৬.

মহোপবাসের প্রথম রবিবার.

সাধারণ প্রার্থনা.

হে প্রভো, তুমি আমাদের নিমিত্তে চল্লিশ দিবারাত্রি উপবাস করিয়াছিলা, অতএব এমত উপবাস করিতে আমাদিগকে প্রসাদ প্রদান কর যে আমাদের মাংস আত্মার বশীভূত হওয়াতে আমরা ধর্ম্ম ও সত্য পুণ্য আচরণে তোমাদত্ত পুণ্য প্রবৃত্তি সর্ব্বদা মানি, ইহাতে যেন পিতার ও সদাত্মার সহিত এক ঈশ্বর হইয়া নিরন্তর জীবিত আছ, ও রাজত্ব করিতেছ যে তুমি, তোমার আদর ও মহিমা হয়. আমেন্.

লিপি. ২ করিন্থীয়. ৬. ১.

সুসমাচার. মথায়. ৪. ১,

উপবাসের দ্বিতীয় রবিবার.

সাধারণ প্রার্থনা.

হে সর্ব্বশক্তিমান ঈশ্বর তুমি দেখিতেছ যে নিজ উপকার করিতে আমাদের নিজ কোন শক্তি নাই ; অতএব বাহিরে আমাদের শরীরে ও অন্তরে আমাদের আত্মাতে আমাদিকে রক্ষা কর ; তাহাতে যে সকল আপদ শরীরে ঘটে ও যে সকল কুচিন্তা আত্মাকে আক্রমণ ও হানি করে, সে সকল হইতে আশ্রয় পাই ; আমাদের প্রভু যীশু খ্রীষ্টের দ্বারা. আমেন্.

লিপি. ১ থিষলনীয়. ৪. ১.

সুসমাচার. মথায়. ১৫. ২১.

উপবাসের তৃতীয় রবিবার.

সাধারণ প্রার্থনা.

হে সর্ব্বশক্তিমান্ ঈশ্বর, আমরা তোমাকে নিবেদন করি আপন বিনয়ি দাসদের মনোবাঞ্ছা অবলোকন কর, ও আমাদের সকল শত্রুগণের প্রতিকূলে আমাদের রক্ষণার্থে আপন মহিমার দক্ষিণ হস্ত বিস্তার কর, আমাদের প্রভু য়ীশু খ্রীষ্টের দ্বারা. আমেন্.

লিপি. ইফিসীয়দের প্রতি. ৫. ১.

সুসমাচার. লূক. ১১. ১৪.

উপবাসের চতুর্থ রবিবার.

সাধারণ প্রার্থনা.

হে সর্ব্বশক্তিমান ঈশ্বর, আমরা তোমাকে নিবেদন করি প্রদান কর যে নিজ কুক্রিয়া প্রযুক্ত আমরা যথার্থ রূপে দণ্ডপাত্র হইলে তোমার প্রসাদের সান্ত্বনা দ্বারা দয়াপূর্ব্বক রক্ষা পাই, আমাদের প্রভু ও ত্রাণকর্ত্তা য়ীশু খ্রীষ্টের দ্বারা. আমেন্.

লিপি. গালাতীয়দের প্রতি. ৪. ২১.

সুসমাচার. যোহন. ৬. ১.

উপবাসের পঞ্চম রবিবার.

সাধারণ প্রার্থনা.

হে সর্ব্বশক্তিমান ঈশ্বর, আমরা তোমাকে নিবেদন করি, আপন লোকের প্রতি দয়াপূর্ব্বক অবলোকন কর, তাহাতে

তোমার অতিশয় অনুগ্রহ দ্বারা তাহারা শরীর, ও আত্মা উভয়ে সতত সুশাসিত ও রক্ষিত হয়, আমাদের প্রভু য়ীশু খ্রীষ্টের দ্বারা. আমেন্.

লিপি. ইব্রীয়দের প্রতি. ৯. ১১.

সুসমাচার. যোহন. ৮. ৪৬.

খ্রীষ্টের পুনরুত্থানের পূর্ব্ব রবিবার.

সাধারণ প্রার্থনা.

হে সর্ব্বশক্তিমান্ ও নিত্যস্থায়ী ঈশ্বর, তুমি মনুষ্য-জাতির প্রতি তোমার কৃপাময় প্রেম হেতু আপন পুত্র আমাদের ত্রাণকর্ত্তা য়ীশু খ্রীষ্টকে আমাদের মাংস ধারণ ও ক্রূশোপরি মৃত্যু ভোগ করিতে প্রেরণ করিয়াছ, তাহাতে যেন সকল মনুষ্যেরা তাঁহার মহা নম্রতার দৃষ্টান্তানুবর্ত্তী হয়; অতএব দয়াপূর্ব্বক প্রদান কর, যে আমরা তাঁহার সহিষ্ণুতার দৃষ্টান্তানুবর্ত্তী ও তাঁহার পুনরুত্থানের সহভাগী হই; আমাদের সেই প্রভু য়ীশু খ্রীষ্টের দ্বারা. আমেন্.

লিপি. ফিলিপীয়দের প্রতি. ২. ৫.

সুসমাচার. মথায়. ২৭. ১.

খ্রীষ্টের পুনরুত্থানের পূর্ব্ব সোমবার.

লিপিস্থলে. য়িশাইয়া. ৬৩. ১.

সুসমাচার. মার্ক. ১৪. ১.

খ্রীষ্টের পুনরুত্থানের পূর্ব্ব মঙ্গলবার.

লিপিস্থলে. য়িশাইয়া. ৫০. ৫.

সুসমাচার. মার্ক ১৫. ১.

খ্রীষ্টের পুনরুত্থানের পূর্ব্ব বুধবার.

লিপি. ইব্রীয়দের প্রতি. ৯. ১৬.

সুসমাচার. লূক. ২২. ১.

খ্রীষ্টের পুনরুত্থানের পূর্ব্ব বৃহস্পতিবার.

লিপি. ১ করিন্থীয় ১১. ১৭.

সুসমাচার. লূক. ২৩. ১.

পুণ্য শুক্রবার.

সাধারণ প্রার্থনা.

হে সর্ব্বশক্তিমান্ ঈশ্বর, আমরা তোমাকে নিবেদন করি, এই তোমার পরিবারকে প্রসাদ পূর্ব্বক অবলোকন কর, যাহার নিমিত্তে আমাদের প্রভু য়ীশু খ্রীষ্ট বিশ্বাসঘাতক দ্বারা দুষ্টলোকদের হস্তে সমর্পিত হইতে ও ক্রূশের উপর মৃত্যুভোগ করিতে সম্মত হইয়াছিলেন, যিনি এক্ষণে তোমার ও সদাত্মার সঙ্গে সদা এক ঈশ্বর হইয়া অনন্তকাল-পর্য্যন্ত জীবিত আছেন ও রাজত্ব করিতেছেন. আমেন্.

হে সর্ব্বশক্তিমান্ ও নিত্যস্থায়ি ঈশ্বর, তোমার আত্মা কর্ত্তৃক সভার সমুদয় শরীর শাসিত ও পবিত্রিত হয়; অতএব তোমার পুণ্য সভার মধ্যে সর্ব্বাবস্থার লোকদের কারণ আমরা তোমার নিকট যে ২ নিবেদন ও প্রার্থনা করি, তাহা গ্রহণ কর; যেন উহার প্রত্যেক অঙ্গ আপন ২ পদে ও পরিচর্য্যায় তোমাকে সত্যতা ও ধার্ম্মিকতা পূর্ব্বক সেবা করে; আমাদের প্রভু ও ত্রাণকর্ত্তা যীশু খ্রীষ্টের দ্বারা. আমেন্.

হে দয়ালু ঈশ্বর, তুমি যাবদীয় মনুষ্যকে সৃষ্টি করিয়াছ, ও আপন সৃষ্টির মধ্যে কিছু ঘৃণা কর না এবং পাপির মরণ ইচ্ছা কর না বরং সে যে মন ফিরাইয়া বাঁচে, ইহা ইচ্ছা কর; অতএব সমস্ত য়িহুদি ও মোসলমান, ও অবিশ্বাসি ও পাষণ্ডের উপর দয়া কর ও তাহাদের হইতে সকল অজ্ঞানতা ও হৃদয়ের কঠিনতা ও তোমার বাক্যের অবহেলন দূর কর; এবং হে ধন্যপ্রভো তাহাদিগকে আপন মেষ মধ্যে এমত পুনরানয়ন কর, যেন তাহারা সত্য য়িশরাএলিদের অবশিষ্ট লোকদের সহিত ত্রাণ পায় এবং এক পালক আমাদের প্রভু যীশু খ্রীষ্টের অধীনে এক পাল হইয়া থাকে; যিনি তোমার ও সদাত্মার সঙ্গে এক ঈশ্বর হইয়া সদাসর্ব্বক্ষণে জীবিত আছেন ও রাজত্ব করিতেছেন. আমেন্.

লিপি. ইব্রায়দের প্রতি. ১০. ১.

সুসমাচার. যোহন. ১৯. ১.

পুনরুত্থানের সংযম.

সাধারণ প্রার্থনা.

হে প্রভো, প্রদান কর যে যাদৃশ আমরা তোমার ধন্য পুত্র আমাদের ত্রাণকর্ত্তা যীশু খ্রীষ্টের মৃত্যুতে বাপ্তিস্মিত হইয়াছি, তাদৃশ আমাদের দুষ্টাভিলাষ সকল নিত্য ২ দমন করিয়া যেন তাঁহার সহিত প্রোথিত হই; এবং কবর ও মৃত্যু দ্বার দিয়া আমরা আপনাদের হর্ষজনক পুনরুত্থানে উত্তীর্ণ হইতে পারি; তাঁহার গুণের নিমিত্তে, যিনি আমাদের জন্যে মরিলেন ও প্রোথিত হইলেন ও পুনরায় উঠিলেন, তোমার পুত্র আমাদের প্রভু যীশু খ্রীষ্ট. আমেন্.

লিপি. ১ পিতর. ৩. ১৭.

সুসমাচার. মথায়. ২৭. ৫৭.

পুনরুত্থান দিবস.

¶ প্রাতঃপ্রার্থনার কালে, আইস আমরা পরমপ্রভুর উদ্দেশে গান করি, এই গানের পরিবর্ত্তে এই ধন্যবাদ গান সকল গীত বা পঠিত হইবে.

খ্রীষ্ট আমাদের পাস্কা আমাদের নিমিত্তে বলীকৃত হইয়াছেন.

অতএব পুরাতন তাড়ীদ্বারা, অথবা হিংসা ও দুষ্টতার তাড়ীদ্বারা নহে কিন্তু সরলতা ও সত্যতার তাড়ীশূন্য রুটীদ্বারা আইস আমরা পর্ব্ব পালন করি. প্রথম করি. ৫. ৭.

খ্রীষ্ট মৃত লোক হইতে উত্থিত হইয়া আর কখন মরেন না; মৃত্যু আর তাঁহার উপর প্রভুত্ব করে না.

কেননা তিনি যে মরিলেন তাহা একবারে পাপের বিষয়ে মরিয়াছেন, কিন্তু তিনি যে জীবিত আছেন তাহা ঈশ্বরের বিষয়ে জীবিত আছেন.

তদ্রূপ তোমরাও আপনাদিগকে পাপের বিষয়ে মৃত, কিন্তু আমাদের প্রভু য়ীশু খ্রীষ্টেতে ঈশ্বরের বিষয়ে জীবিত জ্ঞান কর. রোম. ৬. ৯.

খ্রীষ্ট মৃত লোক হইতে উঠিয়াছেন এবং নিদ্রাপ্রাপ্ত লোকদের প্রথম ফল হইয়াছেন.

কেননা যাদৃশ মনুষ্যদ্বারা মৃত্যু তাদৃশ মনুষ্যদ্বারাই মৃত লোকদের উত্থান.

কেননা যাদৃশ আদমে সকলে মরে, তাদৃশ খ্রীষ্টেতে সকলে জীবিত হয়. ১ করি. ১৫. ২০.

পিতা ও পুত্র ও সদাত্মার মহিমা হউক.

পূর্ব্বে যেমন ছিল, এখনও আছে, এবং অনন্তকাল পর্য্যন্ত সদা হইবে. আমেন্.

সাধারণ প্রার্থনা.

হে সর্ব্বশক্তিমান্ ঈশ্বর, তুমি আপন এক মাত্র জাত পুত্র য়ীশু খ্রীষ্টদ্বারা মৃত্যুকে পরাভব করিয়াছ ও আমাদের নিমিত্তে অনন্ত জীবনের দ্বার মুক্ত করিয়াছ; অতএব আমরা তোমাকে নম্রতাপূর্ব্বক বিনতি করিতেছি যে যাদৃশ

তোমার বিশেষ প্রসাদ আমাদের অগ্রবর্ত্তী হওয়াতে তুমি আমাদের মনোমধ্যে সদ্বাসনা প্রবেশ করাইতেছ, তাদৃশ তোমার নিত্য সাহায্যে আমরা যেন তাহা বিশিষ্টরূপে সফল করি; আমাদের ঐ প্রভু য়ীশু খ্রীষ্ট দ্বারা যিনি তোমার ও সদাত্মার সহিত সর্ব্বদা এক ঈশ্বর হইয়া অনন্তকাল পর্য্যন্ত জীবিত থাকেন ও রাজত্ব করেন ইহা প্রদান কর. আমেন.

লিপি. কলসীয়দের প্রতি. ৩. ১.

সুসমাচার. যোহন. ২০. ১.

পুনরুত্থানের পর সোমবার.

সাধারণ প্রার্থনা.

হে সর্ব্বশক্তিমান্ ঈশ্বর, তুমি আপন এক মাত্র জাত পুত্র য়ীশু খ্রীষ্টদ্বারা মৃত্যুকে পরাভব করিয়াছ ও আমাদের নিমিত্তে অনন্ত জীবনের দ্বার মুক্ত করিয়াছ; অতএব আমরা তোমাকে নম্রতাপূর্ব্বক বিনতি করিতেছি যে যাদৃশ তোমার বিশেষ প্রসাদ আমাদের অগ্রবর্ত্তী হওয়াতে তুমি আমাদের মনোমধ্যে সদ্বাসনা প্রবেশ করাইতেছ, তাদৃশ তোমার নিত্য সাহায্যে আমরা যেন তাহা বিশিষ্টরূপে সফল করি; আমাদের ঐ প্রভু য়ীশু খ্রীষ্ট দ্বারা যিনি তোমার

ও সদাত্মার সহিত সর্ব্বদা এক ঈশ্বর হইয়া অনন্তকাল পর্য্যন্ত জীবিত থাকেন ও রাজত্ব করেন ইহা প্রদান কর. আমেন্.

লিপি স্থলে. প্রেরিতদের ক্রিয়া. ১০. ৩৪.

সুসমাচার. লূক. ২৪. ১৩.

পুনরুত্থানের পর মঙ্গলবার.

সাধারণ প্রার্থনা.

হে সর্ব্বশক্তিমান্ ঈশ্বর, তুমি আপন এক মাত্র জাত পুত্র য়ীশু খ্রীষ্টদ্বারা মৃত্যুকে পরাভব করিয়াছ ও আমাদের নিমিত্তে অনন্ত জীবনের দ্বার মুক্ত করিয়াছ; অতএব আমরা তোমাকে নম্রতাপূর্ব্বক বিনতি করিতেছি যে যাদৃশ তোমার বিশেষ প্রসাদ আমাদের অগ্রবর্ত্তী হওয়াতে তুমি আমাদের মনোমধ্যে সদ্বাসনা প্রবেশ করাইতেছ, তাদৃশ তোমার নিত্য সাহায্যে আমরা যেন তাহা বিশিষ্টরূপে সফল করি; আমাদের ঐ প্রভু য়ীশু খ্রীষ্ট দ্বারা যিনি তোমার ও সদাত্মার সহিত সর্ব্বদা এক ঈশ্বর হইয়া অনন্তকাল পর্য্যন্ত জীবিত থাকেন ও রাজত্ব করেন ইহা প্রদান কর. আমেন্.

লিপি স্থলে. প্রেরিতদের ক্রিয়া. ১৩. ২৬.

সুসমাচার. লূক. ২৪. ৩৬.

পুনরুত্থানের পর প্রথম রবিবার.

সাধারণ প্রার্থনা.

হে সর্ব্বশক্তিমান্ পিতঃ, আমাদের পাপহেতু মরিতে এবং আমাদের যাথার্থ্যহেতু পুনর্ব্বার উঠিতে তুমি আপন অদ্বিতীয় পুত্রকে প্রদান করিয়াছ; অতএব আমরা যেন দ্বেষ ও দুষ্টতার খমির এমত ত্যাগ করি, যে আমরা পবিত্রাচারে ও সত্যতায় সর্ব্বদা তোমার সেবা করি; আপন পুত্র আমাদের সেই প্রভু য়ীশু খ্রীষ্টের গুণ দ্বারা. আমেন্.

লিপি. ১ যোহন. ৫. ৪.

সুসমাচার. যোহন. ২০. ১৯.

পুনরুত্থানের পর দ্বিতীয় রবিবার.

সাধারণ প্রার্থনা.

হে সর্ব্বশক্তিমান্ ঈশ্বর, তুমি আমাদের জন্যে আপন অদ্বিতীয় পুত্রকে পাপহেতু বলি, ও ধর্ম্মাচারের দৃষ্টান্ত হওনার্থে প্রদান করিয়াছ, অতএব আমাদিগকে প্রসাদ প্রদান কর, যে আমরা তাঁহার ঐ অমূল্য উপকার অতি কৃতজ্ঞতাপূর্ব্বক সর্ব্বদা গ্রহণ করি এবং আপনারাও তাঁহার

পুণ্যতম আচারের ধন্য পদানুবর্ত্তী হইতে প্রত্যহ যত্ন করি; আমাদের সেই প্রভু য়ীশু খ্রীষ্ট দ্বারা. আমেন্.

লিপি. ১ পিতর ২. ১৯.

সুসমাচার. যোহন. ১০. ১১.

পুনরুত্থানের পর তৃতীয় রবিবার.

সাধারণ প্রার্থনা.

হে সর্ব্বশক্তিমান্ ঈশ্বর, ভ্রান্ত লোকেরা যেন যাথার্থ্যের পথে প্রত্যাগত হয়, এতদর্থে তুমি আপন সত্যের দীপ্তি তাহাদের প্রতি প্রকাশ করিয়া থাক, অতএব খ্রীষ্টধর্ম্মের সহভাগিতায় গৃহীত সকলকে প্রদান কর যে তাহারা আপন মতের বিপরীত বিষয় হইতে পলায়ন করে ও তদনুযয়ি বিষয় সকলের পশ্চাদ্গামী হয়; আমাদের প্রভু য়ীশু খ্রীষ্ট দ্বারা আমেন্.

লিপি. ১ পিতর. ২. ১১.

সুসমাচার. যোহন. ১৬. ১৬.

পুনরুত্থানের পর চতুর্থ রবিবার.

সাধারণ প্রার্থনা.

হে সর্ব্বশক্তিমান্ ঈশ্বর, পাপি মনুষ্যদের অবাধ্য ইচ্ছা ও মনোবিকার শাসন করিতে তুমি মাত্র সমর্থ; অতএব তুমি যাহা আজ্ঞা কর তাহা যেন তোমার লোকেরা অনুরাগ করে, ও যাহা অঙ্গীকার কর তাহা বাসনা করে, তাহাতে যেন এই সংসারের নানা ও বিবিধ অস্থিরতার মধ্যে আমাদের মন সত্যানন্দ প্রাপ্তব্যস্থানে দৃঢ়রূপে স্থিরীকৃত হয়; আমাদের প্রভু যীশু খ্রীষ্ট দ্বারা. আমেন্.

লিপি. যাকুব. ১. ১৭.

সুসমাচার. যোহন. ১৬. ৫.

পুনরুত্থানের পর পঞ্চম রবিবার.

সাধারণ প্রার্থনা.

হে প্রভো, তোমাহইতে হিত বস্তু সকল উৎপন্ন হয়, অতএব তোমার নম্র দাস যে আমরা, আমাদিগকে প্রদান কর যেন তোমার পুণ্য প্রশ্বাসদ্বারা যে সকল বস্তু হিত তাহা ভাবনা করি ও তোমার কৃপাময় শাসনদ্বারা তাহাই সিদ্ধ করি; আমাদের প্রভু যীশু খ্রীষ্ট দ্বারা. আমেন্.

লিপি. যাকুব. ১. ২২.

সুসমাচার. যোহন. ১৬. ২৩.

আরোহণ দিন.

সাধারণ প্রার্থনা.

হে সর্ব্বশক্তিমান্ ঈশ্বর, প্রদান কর, আমরা তোমাকে নিবেদন করি, যে তোমার এক মত্র জাত পুত্র আমাদের প্রভু য়ীশু খ্রীষ্ট স্বর্গে আরোহণ করিয়াছেন, ইহা যাদৃশ আমরা বিশ্বাস করি, তাদৃশ আমরাও হৃদয় ও মনে তথায় আরোহণ করি, এবং তাঁহার সহিত সর্ব্বদা বাস করি, যিনি তোমার ও সদাত্মার সহিত এক ঈশ্বর হইয়া নিরন্তর জীবিত আছেন ও রাজত্ব করিতেছেন. আমেন্.

লিপিস্থলে. প্রেরিতদের ক্রিয়া. ১. ১..

সুসমাচার. মার্ক. ১৬. ১৪.

আরোহণ দিনের পর রবিবার.

সাধারণ প্রার্থনা.

হে মহিমার রাজা ঈশ্বর, তুমি অতি জয় পূর্ব্বক আপন অদ্বিতীয় পুত্র য়ীশু খ্রীষ্টকে তোমার স্বর্গ রাজ্যে উন্নত করিয়াছ, অতএব আমরা তোমাকে নিবেদন করি, আমা-দিগকে প্রবোধহীন রাখিও না, কিন্তু আমাদের প্রতি আপন সদাত্মাকে প্রেরণ কর, যেন তিনি আমাদিগকে প্রবোধ করেন, ও তথায় উন্নত করেন যথায় আমাদের ত্রাণকর্ত্তা

খ্রীষ্ট পূর্ব্বে গিয়াছেন, যিনি তোমার ও সদাত্মার সহিত এক ঈশ্বর হইয়া নিরন্তর জীবিত আছেন ও রাজত্ব করিতেছেন. আমেন.

লিপি. ১ পিতর ৪. ৭:

সুসমাচার. যোহন. ১৫. ২৬. এবং ১৬ অধ্যায়ের কিয়দংশ.

পঞ্চাশন্নামক পর্ব্ব.

সাধারণ প্রার্থনা.

হে ঈশ্বর, তুমি এই সময়ে আপন বিশ্বাসি লোকদের প্রতি তোমার সদাত্মার দীপ্তি প্রেরণে তাহাদের মন শিক্ষাইয়াছিলা, অতএব আমাদিগকে প্রদান কর যে ঐ আত্মাদ্বারা আমরা সকল বিষয়ে সুবিবেচনা করি, ও তাঁহার পুণ্য প্রবোধে সর্ব্বদা উল্লাসিত হই; আমাদের ত্রাণ কর্ত্তা খ্রীষ্ট য়ীশুর গুণ দ্বারা, যিনি তোমার সহিত ঐ আত্মার ঐক্যতাতে এক ঈশ্বর হইয়া নিরন্তর জীবিত আছেন ও রাজত্ব করিতেছেন. আমেন.

লিপিস্থলে. প্রেরিতদের ক্রিয়া. ২. ১.

সুসমাচার. যোহন. ১৪. ১৫.

পঞ্চাশন্নামক পর্ব্বীয় সপ্তাহের সোমবার.

সাধারণ প্রার্থনা.

হে ঈশ্বর, তুমি এই সময়ে আপন বিশ্বাসি লোকদের প্রতি তোমার সদাত্মার দীপ্তি প্রেরণে তাহাদের মন শিক্ষাইয়াছিলা, অতএব আমাদিগকে প্রদান কর যে ঐ আত্মাদ্বারা আমরা সকল বিষয়ে সুবিবেচনা করি, ও তাঁহার পুণ্য প্রবোধে সর্ব্বদা উল্লাসিত হই; আমাদের ত্রাণ কর্ত্তা খ্রীষ্ট য়ীশুর গুণ দ্বারা, যিনি তোমার সহিত ঐ আত্মার ঐক্যতাতে এক ঈশ্বর হইয়া নিরন্তর জীবিত আছেন ও রাজত্ব করিতেছেন. আমেন্.

লিপিস্থলে. প্রেরিতদের ক্রিয়া. ১০. ৩৪.

সুসমাচার. যোহন. ৩. ১৬.

পঞ্চাশন্নামক পর্ব্বীয় সপ্তাহের মঙ্গলবার.

সাধারণ প্রার্থনা.

হে ঈশ্বর, তুমি এই সময়ে আপন বিশ্বাসি লোকদের প্রতি তোমার সদাত্মার দীপ্তি প্রেরণে তাহাদের মন শিক্ষাইয়াছিলা, অতএব আমাদিগকে প্রদান কর যে ঐ আত্মাদ্বারা আমরা সকল বিষয়ে সুবিবেচনা করি, ও তাঁহার পুণ্য প্রবোধে সর্ব্বদা উল্লাসিত হই; আমাদের

ত্রাণ কর্ত্তা খ্রীষ্ট যীশুর গুণ দ্বারা, যিনি তোমার সহিত ঐ আত্মার ঐক্যতাতে এক ঈশ্বর হইয়া নিরন্তর জীবিত আছেন ও রাজত্ব করিতেছেন. আমেন্.

লিপিস্থলে. প্রেরিতদের ক্রিয়া. ৮. ১৪.

সুসমাচার. যোহন ১০. ১.

ত্রিত্ব রবিবার.

সাধারণ প্রার্থনা.

হে সর্ব্বশক্তিমান্ ও নিত্যস্থায়ী ঈশ্বর, তোমার দাস যে আমরা আমাদিগকে তুমি প্রসাদ প্রদান করিয়াছ, তাহাতে সত্য বিশ্বাসের অঙ্গীকারে আমরা অনন্ত ত্রিত্বের মহিমা স্বীকার করি ও ঐশ্বরিক রাজত্বের পরাক্রমে ঐক্যতার উপাসনা করি; অতএব আমরা তোমাকে নিবেদন করি যে এই বিশ্বাসে আমাদিগকে দৃঢ় করিয়া রাখ, ও সকল বিপদ হইতে সর্ব্বদা রক্ষা কর; যে তুমি এক ঈশ্বর হইয়া নিরন্তর জীবিত আছ ও রাজত্ব করিতেছ. আমেন্.

লিপিস্থলে. যোহনের প্রকাশ. ৪. ১.

সুসমাচার. যোহন. ৩. ১.

ত্রিত্বের পর প্রথম রবিবার.

সাধারণ প্রার্থনা.

হে ঈশ্বর, আপন প্রত্যয়কারি সকলের বল; তুমি দয়াপূর্ব্বক আমাদের প্রার্থনা গ্রহণ কর; এবং যেহেতু আমাদের মর্ত্য স্বভাবের দৌর্ব্বল্যপ্রযুক্ত আমরা তোমা ব্যতিরেকে কোন সৎক্রিয়া করিতে পারি না, এই হেতু আমাদিগকে আপন প্রসাদের উপকার প্রদান কর, তাহাতে আমরা তোমার আজ্ঞা পালন করত ইচ্ছাতে ও ক্রিয়াতে তোমাকে সন্তুষ্ট করি; আমাদের প্রভু যীশু খ্রীষ্ট দ্বারা. আমেন্.

লিপি. ১ যোহন. ৪. ৭.

সুসমাচার. লূক. ১৬. ১৯.

ত্রিত্বের পর দ্বিতীয় রবিবার.

সাধারণ প্রার্থনা.

হে প্রভো, যাহাদিগকে তুমি আপন দৃঢ় ভয় ও প্রেমে উপদিষ্ট করিতেছ তাহাদিগকে উপকার ও শাসন করিতে কদাচ ক্ষান্ত নহ; অতএব আমরা তোমাকে নিবেদন করি, তোমার সৎবিধানের আশ্রয়ে আমাদিগকে

রাখ, ও তোমার পুণ্য নামের নিত্য ভয় ও প্রেম ধারণ করিতে দেও ; আমাদের প্রভু য়ীশু খ্রীষ্ট দ্বারা. আমেন্.

লিপি. ১ যোহন ৩. ১৩.

সুসমাচার. লূক. ১৪. ১৩.

ত্রিত্বের পর তৃতীয় রবিবার.

সাধারণ প্রার্থনা.

হে প্রভো, দয়াপূর্ব্বক আমাদিগকে শ্রবণ করিতে আমরা তোমাকে বিনয় করিতেছি; এবং প্রদান কর যে যাহাদিগকে তুমি প্রার্থনা করিতে একান্ত বাসনা দিয়াছ, সেই আমরা তোমার শক্তিমান্ উপকার দ্বারা সকল আপদ ও বিপদে রক্ষা ও প্রবোধ পাই ; আমাদের প্রভু য়ীশু খ্রীষ্ট দ্বারা. আমেন্.

লিপি. ১ পিতর. ৫. ৫.

সুসমাচার. লূক. ১৫. ১.

ত্রিত্বের পর চতুর্থ রবিবার.

সাধারণ প্রার্থনা.

হে ঈশ্বর, আপন প্রত্যয়কারি সকলের রক্ষক, তোমাব্যতিরেকে কিছুই বলবৎ ও কিছুই পবিত্র নাই; অতএব আমাদের প্রতি তোমার দয়ার বৃদ্ধি ও আধিক্য কর, তাহাতে তুমি আমাদের শাসনকর্ত্তা ও পথদর্শক হইলে আমরা সাংসারিক বিষয়ে এমত গতি করি, যে শেষে পারমার্থিক বিষয় না হারাই; হে স্বর্গীয় পিতঃ আমাদের প্রভু য়ীশু খ্রীষ্টের নিমিত্তে ইহা প্রদান কর. আমেন্.

লিপি. রোমীয়দের প্রতি. ৮. ১৮.

সুসমাচার. লূক. ৬. ৩৬.

ত্রিত্বের পর পঞ্চম রবিবার.

সাধারণ প্রার্থনা.

হে প্রভো, আমরা তোমাকে নিবেদন করি, প্রদান কর যে এই সংসারের গতি তোমার শাসনে এমত শান্তিরূপে নিয়মিত হয় যে তোমার সভা তাবৎ নির্ব্বিঘ্ন ধর্ম্মে আনন্দ পূর্ব্বক তোমার সেবা করে, আমাদের প্রভু য়ীশু খ্রীষ্ট দ্বারা. আমেন্.

লিপি. ১ পিতর. ৩. ৮.

সুসমাচার. লূক. ৫. ১.

ত্রিত্বের পর ষষ্ঠ রবিবার.

সাধারণ প্রার্থনা.

হে ঈশ্বর, নিজ প্রেমকারিদের জন্যে মানুষিক বুদ্ধির অগম্য উত্তম ২ বস্তু প্রস্তুত করিয়াছ যে তুমি তোমার প্রতি এমত প্রেম আমাদের অন্তঃকরণে ঢাল যে আমরা তোমাকে সর্ব্ব বিষয়াপেক্ষা প্রেম করিয়া তোমার অঙ্গীকার যাহা আমাদের তাবৎ অভিলাসের অতিরিক্ত তাহা প্রাপ্ত হই ; আমাদের প্রভু য়ীশু খ্রীষ্ট দ্বারা. আমেন্.

লিপি. রোমীয়দের প্রতি. ৬. ৩.

সুসমাচার. মথায়. ৫. ২০.

ত্রিত্বের পর সপ্তম রবিবার.

সাধারণ প্রার্থনা.

হে সর্ব্বল ও পরাক্রমের প্রভো, তুমি তাবৎ উত্তম বস্তুর কর্ত্তা ও দাতা, অতএব তুমি আমাদের হৃদয়ে তোমার নামের প্রেম রোপণ কর, আমাদের অন্তরে সত্য ধর্ম্ম বৃদ্ধি কর, আমাদিগকে সকল উত্তমতায় প্রতিপালন কর,

এবং তোমার পরম দয়াদাক্ষা আমাদিগকে তাহাতেই স্থির রাখ; আমাদের প্রভু য়ীশু খ্রীষ্ট দ্বারা. আমেন্.

লিপি. রোমীয়দের প্রতি. ৬. ১৯.

সুসমাচার. মার্ক. ৮. ১.

ত্রিত্বের পর অষ্টম রবিবার.

সধারণ প্রার্থনা.

হে ঈশ্বর, তোমার অবিরত বিধান স্বর্গ ও পৃথিবী উভয়স্থ তাবৎ বিষয়ের নিয়ম করে; অতএব আমরা নম্রতা-পূর্ব্বক তোমাকে নিবেদন করি যে আমাদেরহইতে অপ-কারক বস্তু সকল দূর কর ও আমাদের উপকারক যে সকল বস্তু তাহা আমাদিগকে প্রদান কর; আমাদের প্রভু য়ীশু খ্রীষ্ট দ্বারা. আমেন্.

লিপি. রোমীয়দের প্রতি ৮. ১২.

সুসমাচার. মথায়. ৭. ১৫.

ত্রিত্বের পর নবম রবিবার.

সাধারণ প্রার্থনা.

হে প্রভো, আমরা তোমাকে নিবেদন করি, যাহা প্রকৃত তাহা সর্ব্বদা ভাবিতে ও করিতে আমাদিগকে প্রবৃত্তি দেও, তাহাতে তোমাব্যতিরেকে কোন সৎকর্ম্ম করিতে অক্ষম যে আমরা তোমাদ্বারা তোমার ইচ্ছানুসারে আচরণ করিতে সমর্থ হই; আমাদের প্রভু য়ীশু খ্রীষ্ট দ্বারা. আমেন্.

লিপি. ১ করিন্থীয়. ১০. ১.

সুসমাচার. লূক. ১৬. ১.

ত্রিত্বের পর দশম রবিবার.

সাধারণ প্রার্থনা.

হে প্রভো, আপন বিনম্রি দাসদের প্রার্থনার প্রতি তোমার দয়াশীল কর্ণ খুলিয়া রাখ এবং তাহারা যেন আপন যাচ্ঞা প্রাপ্ত হয় তোমার তুষ্টিজনক বিষয় তাহাদিগকে প্রার্থনা করাও; আমাদের প্রভু য়ীশু খ্রীষ্ট দ্বারা. আমেন্.

লিপি. ১ করিন্থীয়. ১২. ১.

সুসমাচার. লূক. ১৯. ৪১.

ত্রিত্বের পর একাদশ রবিবার.

সাধারণ প্রার্থনা.

হে ঈশ্বর, দয়া ও কৃপা প্রকাশ করাতে তুমি অতি বিশেষরূপে তোমার পরাক্রান্ত বল প্রচার করিয়া থাক; অতএব দয়াপূর্ব্বক তোমার প্রসাদ এমত পরিমাণে আমাদিগকে দেও, যে আমরা তোমার আজ্ঞার পথে ধাবমান হওত তোমার অনুগ্রাহক অঙ্গীকার পাই ও তোমার স্বর্গীয় ধনের সহভাগী হই; আমাদের প্রভু য়ীশু খ্রীষ্টের দ্বারা. আমেন্.

লিপি. ১ করিন্থীয়. ১৫. ১০.

সুসমাচার. লূক. ১৮. ৯.

ত্রিত্বের পর দ্বাদশ রবিবার.

সাধারণ প্রার্থনা.

হে সর্ব্বশক্তিমান্, ও নিত্যস্থায়ী ঈশ্বর, তুমি সর্ব্বদা প্রার্থনা শ্রবণে আমাদের তৎকরণাপেক্ষা অধিক প্রস্তুত আছ, এবং আমাদের বাঞ্ছা ও যোগ্যতার অতিরিক্ত দান করা তোমার রীতি, অতএব তোমার দয়ার বাহুল্য আমাদের উপর ঢালিয়া যে ২ বিষয়ে আমাদের মন ভীত আছে,

তাহা ক্ষমা কর এবং যে২ ভাল বিষয় তোমার পুত্র আমা-
দের প্রভু যীশু খ্রীষ্টের গুণ ও মধ্যস্থতা ব্যতিরেকে যাচ্ঞা
করিতে আমরা যোগ্য নহি, তাহা আমাদিগকে প্রদান
কর. আমেন্.

লিপি. ২ করিন্থীয়. ৩. ৪.

সুসমাচার. মার্ক ৭. ৩১.

ত্রিত্বের পর ত্রয়োদশ রবিবার.

সাধারণ প্রার্থনা.

হে সর্ব্বশক্তিমান্ ও দয়াময় ঈশ্বর, তোমার বিশ্বাসি
লোক যে তোমার প্রতি প্রকৃত ও প্রশংস্য সেবা করে
তাহা কেবল তোমার দানেতেই হয়; অতএব আমরা
তোমাকে নিবেদন করি প্রদান কর যে আমরা ইহ কালে
এমত বিশ্বস্তরূপে তোমার সেবা করি যে অন্তে তোমার
স্বর্গীয় অঙ্গীকার অপ্রাপ্ত না হই, আমাদের প্রভু যীশু
খ্রীষ্টের গুণের নিমিত্তে. আমেন্.

লিপি. গালাতীয়দের প্রতি. ৩. ১৬.

সুসমাচার. লূক. ১০. ২৩.

ত্রিত্বের পর চতুর্দ্দশ রবিবার.

সাধারণ প্রার্থনা.

হে সর্ব্বশক্তিমান্ ও নিত্যস্থায়ী ঈশ্বর, আমাদিগকে বিশ্বাস, ভরসা, ও প্রেমের বৃদ্ধি দেও, এবং যাহা তুমি অঙ্গীকার কর তাহা যেন প্রাপ্ত হই, এতদর্থে যাহা তুমি আজ্ঞা কর তাহাতে আমাদের প্রেম জন্মাও, আমাদের প্রভু য়ীশু খ্রীষ্টের নিমিত্তে. আমেন্.

লিপি. গালাতীয়দের প্রতি. ৫. ১৬.

সুসমাচার. লূক. ১৭. ১১.

ত্রিত্বের পর পঞ্চদশ রবিবার.

সাধারণ প্রার্থনা.

হে প্রভো, আমরা তোমাকে নিবেদন করি তোমার নিত্য দয়াতে আপন সভাকে রাখ, এবং মনুষ্যের দুর্ব্বলতা তোমাব্যতিরেকে অপতিত থাকিতে পারে না, এই হেতুক তোমার আনুকূল্যদ্বারা সকল অপকারক বিষয় হইতে আমাদিগকে নিরন্তর রাখ, এবং আমাদের ত্রাণের উপকারক বিষয় সকলেতে আমাদিগকে আনয়ন কর; আমাদের প্রভু য়ীশু খ্রীষ্টের দ্বারা. আমেন্.

লিপি. গালাতীয়দের প্রতি. ৬. ১১.

সুসমাচার. মথায়. ৬. ২৪.

ত্রিত্বের পর ষোড়শ রবিবার.

সাধারণ প্রার্থনা.

হে প্রভো, আমরা তোমাকে নিবেদন করি তোমার নিত্য দয়া তোমার সভাকে শুদ্ধ ও রক্ষা করুক, এবং তোমার সাহায্য ব্যতিরেকে তাহা নিরাপদে থাকিতে পারে না, এইহেতুক তোমার আনুকূল্য ও অনুগ্রহ দ্বারা তাহা সর্ব্বদা রক্ষা কর; আমাদের প্রভু য়ীশু খ্রীষ্টের দ্বারা. আমেন্.

লিপি. ইফিসীয়দের প্রতি. ৩. ১৩.

সুসমাচার. লূক. ৭. ১১.

ত্রিত্বের পর সপ্তদশ রবিবার.

সাধারণ প্রার্থনা.

হে প্রভো, আমরা তোমাকে প্রার্থনা করি, যেন তোমার প্রসাদ সতত আমাদের অগ্র ও পশ্চাদ্গামী হয় এবং আমাদিগকে নিরন্তর তাবৎ সৎকর্ম্মে প্রবৃত্ত করে, আমাদের প্রভু য়ীশু খ্রীষ্টের দ্বারা. আমেন্.

লিপি. ইফিসীয়দের প্রতি. ৪. ১.

সুসমাচার. লূক. ১৪. ১.

ত্রিত্বের পর অষ্টাদশ রবিবার.

সাধারণ প্রার্থনা.

হে প্রভো, আমরা তোমাকে নিবেদন করি, সংসার ও ইন্দ্রিয় ও শয়তানের পরীক্ষা নিবারণ করিতে এবং শুদ্ধ অন্তঃকরণে ও মনে একমাত্র ঈশ্বর যে তুমি তোমার পশ্চাদ্গামী হইতে আপন লোকদিগকে প্রসাদ প্রদান কর, আমাদের প্রভু যীশু খ্রীষ্টের দ্বারা. আমেন্.

লিপি. ১ করিন্থীয়. ১. ৪.

সুসমাচার. মথায়. ২২. ৩৪.

ত্রিত্বের পর উনবিংশ রবিবার.

সাধারণ প্রার্থনা.

হে ঈশ্বর, তোমা ব্যতিরেকে আমরা তোমাকে তুষ্ট করিতে পারি না; এই হেতু দয়াপূর্ব্বক প্রদান কর, যে তোমার সদাত্মা সর্ব্ববিষয়ে আমাদের অন্তঃকরণকে উপদেশ ও শাসন করেন, আমাদের প্রভু যীশু খ্রীষ্টের দ্বারা. আমেন্.

লিপি. ইফিসীয়দের প্রতি. ৪. ১৭.

সুসমাচার. মথায়. ৯. ১.

ত্রিত্ত্বের পর বিংশ রবিবার.

সাধারণ প্রার্থনা.

হে সর্ব্বশক্তিমান্ ও অতি দয়াময় ঈশ্বর, আমরা তোমাকে নিবেদন করি, তোমার পরম দয়াতে তাবৎ অপকারক বিষয় হইতে আমাদিগকে রক্ষা কর; তাহাতে আমরা শরীর ও আত্মা উভয়ে প্রস্তুত হইয়া আহ্লাদপূর্ব্বক তোমার অভিমত বিষয় যেন সাধি, আমাদের প্রভু যীশু খ্রীষ্টের দ্বারা. আমেন্.

লিপি. ইফিসীয়দের প্রতি. ৫. ১৫.

সুসমাচার. মথায়. ২২. ১.

ত্রিত্ত্বের পর একবিংশ রবিবার.

সাধারণ প্রার্থনা.

হে দয়াময় প্রভো, আমরা তোমাকে নিবেদন করি, তোমার বিশ্বাসি লোকদিগকে ক্ষমা ও শান্তি প্রদান কর; যেন তাহারা নিজ পাপ সকল হইতে পরিষ্কৃত হয় ও সুস্থির মনে তোমার সেবা করে; আমাদের প্রভু যীশু খ্রীষ্টের দ্বারা. আমেন্.

লিপি. ইফিসীয়দের প্রতি. ৬. ১০.

সুসমাচার. যোহন. ৪. ৪৬.